CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ওঁ হরি ঃ

শ্রী শ্রী নিম্বার্ক মহামুনীন্দ্রায় নমঃ



কাঠিয়াবাবার আশ্রম
সুখচর, ২৪ পরগণা (উঃ)
পিন - ৭৪৩১৭৯
তারিখ ঃ ৮ মার্চ, ২০০০
দূরাভাষ ঃ ৫৬৩-২০১৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



জগদ্‌গুরু ভগবান্‌ শ্রীনিম্বার্কাচার্য্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



ব্রজবিদেহী শ্রী১০৮ স্বামী রামদাস
কাঠিয়া বাবাজী মহারাজ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রজবিদেহী শ্রী ১০৮ স্বামী সন্তদাস
কাঠিয়া বাবাজী মহারাজ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



ব্রজবিদেহী শ্রী১০৮ স্বামী ধনঞ্জয়দাস
কাঠিয়া বাবাজী মহারাজ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizaqtion by eGangotri

ও শ্রী গুরবে নমঃ

শ্রীশ্রী রাধাবৃন্দাবনবিহারী জয়তি
শ্রী নিম্বার্কব্রতোৎসব নির্ণয়
শ্রী নিম্বার্কাব্দ ৫০৯৫-৯৬
সন্ ১৪০৭ শকাব্দ (বিক্রম সংবৎ - ২০৫৭)
২০০০-২০০১

১লা বৈশাখ	শুক্রবার	নববর্ষারম্ভ	১৪ই এপ্রিল	
২রা বৈশাখ	শনিবার	দ্বাদশী	১৫ই এপ্রিল	একাদশীর ব্রত ও উপবাস
৮ই বৈশাখ	শুক্রবার	তৃতীয়া	২১শে এপ্রিল	শ্রী পদ্মনাভ ভট্টাচার্যের আর্বিভাব উৎসব।
১৭ই বৈশাখ	রবিবার	একাদশী	৩০শে এপ্রিল	একাদশীর ব্রত ও উপবাস শ্রী শ্রী গঙ্গাদেবী সরস্বতী পঞ্চতীর্থের আর্বিভাব।
২০শে বৈশাখ	বুধবার	চর্তুদশী	৩রা মে	ব্রজবিদেহী মহন্ত ও চতুঃ সম্প্রদায়ের শ্রীমহন্ত ১০৮ স্বামী ধনঞ্জয়দাস কাঠিয়াবাবা মহরাজের মহাপ্রয়াণ তিথি।
২২শে বৈশাখ	শুক্রবার	প্রতিপদ	৫ই মে	শ্রীজী মহারাজের আর্বিভাব তিথি।
২৩শে বৈশাখ	শনিবার	দ্বিতীয়া ও	৬/৫/১১	শ্রীকৃষ্ণের চন্দন যাত্রা।
		পরে তৃতীয়া	৬ই মে	অক্ষয় তৃতীয়া শ্রীবঙ্কুবিহারী জীউর শ্রীচরণ দর্শন যবের দ্বারা হোম বিষ্ণুপূজা কর্ত্তব্য। সুখচরে ঠাকুরজীর প্রতিষ্ঠা দিবস।
২৫শে বৈশাখ	সোমবার	পঞ্চমী	৮ই মে	রামচন্দ্র ভট্টাচার্য্যজীর আবির্ভাব উৎসব।
২৭শে বৈশাখ	বুধবার	সপ্তমী	১০ই মে	শ্রী শ্যামসুন্দর দাসজীর আর্বিভাব উৎসব।
২৮শে বৈশাখ	বৃহস্পতিবার	অষ্টমী	১১ই মে	শ্রী বিলাসাচায্যজীর আর্বিভাব উৎসব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২৯শে বৈশাখ	শুক্রবার	নবমী	১২ই মে	জানকী নবমী।
৩১শে বৈশাখ	রবিবার	একাদশী	১৪ই মে	একাদশীর ব্রত ও উপবাস শ্রী কেশবব্রত সমাপন।
৩রা জৈষ্ঠ্য	বুধবার	চতুর্দশী	১৭ই মে	নৃসিংহ চতুর্দশী ব্রত ও উপবাস অদ্য শ্রীভগবানের পঞ্চামৃত দ্বারা স্নান পূজা ও ভোগ আরতি কর্ত্তব্য।
৪ঠা জৈষ্ঠ্য	বৃহস্পতিবার	পূর্ণিমা	১৮ই মে	শ্রীকৃষ্ণের ফুল দোলযাত্রা। বুদ্ধপূর্ণিমা, শ্রী রাধাবিহারী দাসজীর আর্ভিাব তিথি।
১০ই জৈষ্ঠ্য	বুধবার	ষষ্ঠী	২৪শে মে	শ্রী বামন ভট্টাচার্য্য মহারাজের আর্বিভাব তিথি।
১৬ই জৈষ্ঠ্য	মঙ্গলবার	দ্বাদশী	৩০শে মে	একাদশীর ব্রত ও উপবাস।
২৩শে জৈষ্ঠ্য	মঙ্গলবার	চতুর্থী	৬ই জুন	শ্রী কেশব কাশ্মীরি ভট্টাচার্য্যের আর্বিভাব তিথি।
২৫শে জৈষ্ঠ্য	বৃহস্পতিবার	সপ্তমী	৮ই জুন	শ্রী স্বরূপাচার্য্যের আর্বিভাব তিথি।
২৮শে জৈষ্ঠ্য	রবিবার	দশমী	১১ই জুন	গঙ্গাদশহরা, শ্রীমহন্ত ১০৮ স্বামী সন্তদাস কাঠিয়া বাবাজীর আর্বিভাব তিথি। বৃন্দাবন আশ্রম প্রতিষ্ঠা দিবস।
২৯শে জৈষ্ঠ্য	সোমবার	একাদশী	১২ই জুন	একদশীর ব্রত ও উপবাস।
১লা আষাঢ়	শুক্রবার	পূর্ণিমা	১৩ই জুন	শ্রী জগন্নাথদেবের স্নানযাত্রা, শ্রী অন্নদাদেবীর তিরোভাব তিথি। এই উৎসব কাশীতে শ্রীশ্রী অন্নদেবীর মাতৃ আশ্রমে অনুষ্ঠিত হয়।
১০ই আষাঢ়	রবিবার	অষ্টমী	২৫শে জুন	শ্রী পদ্মাকর ভট্টাচার্য্যের আর্বিভাব তিথি।
১১ই আষাঢ়	সোমবার	নবমী	২৬শে জুন	শ্রীকৃষ্ণ ভট্টাচার্য্যের আর্বিভাব তিথি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১৩ই আষাঢ়	বুধবার	একাদশী	২৮শে জুন	একাদশীর ব্রত ও উপবাস।
১৭ই আষাঢ়	রবিবার	প্রতিপদ	২রা জুলাই	শ্রীমাধবচার্য্যজীর আবির্ভাব তিথি।
১৮ই আষাঢ়	সোমবার	দ্বিতীয়া	৩রা জুলাই	শ্রীজগন্নাথদেবের রথযাত্রা।
২৬শে আষাঢ়	মঙ্গলবার	দশমী	১১ই জুলাই	শ্রীজগন্নাথদেবের পূর্ণযাত্রা।
২৭শে আষাঢ়	বুধবার	একাদশী	১২ই জুলাই	একাদশীর ব্রত ও উপবাস।
৩১শে আষাঢ়	রবিবার	পূর্ণিমা	১৬ই জুলাই	শ্রীগুরু পূর্ণিমা, অদ্য হংস ভগবান হইতে স্ব স্ব গুরুপূজা করিয়া ব্যাস পূজা বিধেয়, আগরতলা ও শিলাচর আশ্রমে বিগ্রহ প্রতিষ্ঠা তিথি। শ্রী শ্রী গোবর্দ্ধন পরিক্রমা। শ্রীকৃষ্ণদাস বাবাজীর তিরোভাব তিথি।

পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ

গ্রহণস্পর্শ ঃ অপরাহ্ন ৫/২৭ নিমীলন (পূর্ণগ্রাস আরম্ভ) সন্ধ্যা ঘঃ ৬/৩২ মিঃ গতে।

গ্রহণমধ্য ঃ মধ্যরাত্রি ঘঃ ৭/২৬ মিঃ গতে, উন্মীলন (পূর্ণগ্রাস সমাপ্তি) রাত্রি ঘঃ ৮/১৯।

গ্রহণমোক্ষ ঃ রাত্রি ঘঃ ৯/২৪ মিঃ মধ্যে। (যে সকল স্থানে গ্রহণদৃশ্য সেই সকল স্থানে গ্রহণ স্পর্শের ৯ ঘণ্টা পূর্বে মন্দির বন্ধ করিতে হইবে। মোক্ষের পর স্নান করিয়া পূজার্চ্চনা ভোগারতি কর্ত্তব্য।)

১১ই শ্রাবণ	বৃহস্পতিবার	একাদশী	২৭শে জুলাই	একাদশীর ব্রত ও উপবাস।
১৫ই শ্রাবণ	সোমবার	অমবস্যা	৩১শে জুলাই	খণ্ডগ্রাস সূর্যগ্রহণ (ভারতে অদৃশ্য)
১৬ই শ্রাবণ	মঙ্গলবার	প্রতিপদ	১লা আগস্ট	শ্রীবলভদ্রচার্য্যজার আর্বিভাব তিথি।
১৭ই শ্রাবণ	বুধবার	তৃতীয়া	২রা আগস্ট	শ্রী ১০৮ মনোহরদাস কাঠিয়া বাবাজীর আর্বিভাব তিথি।
২২শে শ্রাবণ	সোমবার	অষ্টমী	৭ই আগষ্ট	শ্রী গোপীনাথ ভট্টাচার্য্যজীর আর্বিভাব তিথি।
২৫শে শ্রাবণ	বৃহস্পতিবার	একাদশী	১০ই আগষ্ট	ঝুলন আরম্ভ।
২৬শে শ্রাবণ	শুক্রবার	দ্বাদশী	১১ই আগষ্ট	পূর্ব দিন বিদ্ধা থাকায় অদ্য একাদশীর ব্রত ও উপবাস।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩০শে শ্রাবণ	মঙ্গলবার	পূর্ণিমা	১৫ই আগষ্ট	শ্রাবণী পূর্ণিমা, ঝুলন সমাপ্ত, ঋষি তর্পণ। শ্রী অন্নদাদেবীর আর্বিভাব তিথি।
৬ই ভাদ্র	বুধবার	অষ্টমী	২৩শে আগষ্ট	শ্রী শ্রীকৃষ্ণের জন্মাষ্টমীর ব্রত ও উপবাস। মধ্যরাত্রে শ্রী শ্রী ঠাকুরজীর পঞ্চামৃত দ্বারা স্নান শ্রীকৃষ্ণদাস বাবাজী মহারাজের আর্বিভাব তিথি।
৮ই ভাদ্র	শুক্রবার	একাদশী	২৫শে আগষ্ট	আজ প্রাতঃকালে ব্রজবিদেহী মহন্ত মহারাজের চৌরশি ক্রোশ পরিক্রমা আরম্ভ।
৯ই ভাদ্র	শনিবার	দ্বাদশী	২৬শে আগষ্ট	পূর্ব্বদিন বিদ্ধা থাকায় অদ্য একাদশীর ব্রত ও উপবাস।
২০শে ভাদ্র	বুধবার	অষ্টমী	৬ই সেপ্টেম্বর	শ্রী শ্রী রাধাষ্টমীর ব্রত ও উপবাস। শ্রী শ্রী ঠাকুরজীর মধ্যাহ্নে পঞ্চামৃত দ্বারা স্নান পূজা ভোগ ও আরতি কর্ত্তব্য।
২১শে ভাদ্র	বৃহস্পতিবার	নবমী	৭ই সেপ্টেম্বর	শ্রী প্রেমদাসজীর তিরোভাব।
২৩শে ভাদ্র	শনিবার	একাদশী	৯ই সেপ্টেম্বর	একাদশীর উপবাস, শ্রী গোপালাচার্য্যজীর আর্বিভাব তিথি।
২৪শে ভাদ্র	রবিবার	দ্বাদশী	১০ই সেপ্টেম্বর	বামন দ্বাদশী শ্রীশ্রী বামনদেবের অর্চনা। শ্রী শ্রী পদ্মাচার্য্যজীর আর্বিভাব উৎসব।
২৮শে ভাদ্র	বৃহস্পতির	প্রতিপদ	১৪ই সেপ্টেম্বর	পিতৃপক্ষ তিলতর্পণারম্ভ।
৭ই আশ্বিণ	রবিবার	একাদশী	২৪শে সেপ্টেম্বর	একাদশীর ব্রত ও উপবাস।
৯ই আশ্বিণ	মঙ্গলবার	চতুর্দশী	২৬শে সেপ্টেম্বর	শিশির ব্রহ্মচারীজীর তিরোভাব তিথি।
১০ই আশ্বিণ	বুধবার	অমবস্যা	২৭শে সেপ্টেম্বর	মহলয়া। তিলতর্পণ সমাপণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১২ই আশ্বিন	শুক্রবার	দ্বিতীয়া	২৯শে সেপ্টেম্বর	শ্রীশ্রী ভট্টজীর আর্বিভাব তিথি।
১৭ই আশ্বিণ	বুধবার	সপ্তমী	৪ঠা অক্টোবর	শ্রীশ্রী শারদীয়া দূর্গাপূজা আরম্ভ।
১৮ই আশ্বিণ	বৃহস্পতিবার	অষ্টমী	৫ই অক্টোবর	মহাষ্টমী।
১৯শে আশ্বিণ	শুক্রবার	নবমী	৬ই অক্টোবর	মহানবমী।
২১শে আশ্বিণ	রবিবার	দশমী	৮ই অক্টোবর	বিজয়া, দশমী। শ্রীসুদর্শনাদি আয়ুধের পূজা।
২২শে আশ্বিণ	সোমবার	একাদশী	৯ই অক্টোবর	একদশী ব্রত ও উপবাস।
২৩শে আশ্বিণ	মঙ্গলবার	দ্বাদশী	১০ই অক্টোবর	শ্রী অনন্তদাসজীর তিরোভাব তিথি।
২৪শে আশ্বিণ	বুধবার	ত্রয়োদশী	১১ই অক্টোবর	শ্রী শ্যামাচার্য্যের আর্বিভাব তিথি।
২৫শে আশ্বিণ	বৃহস্পতিবার	পূর্ণিমা	১৩ই অক্টোবর	কোজাগরী লক্ষ্মীপূজা, শ্রীশ্রীকৃষ্ণের শারদ রাস।
১লা কার্ত্তিক	বুধবার	ষষ্ঠী	১৮ই অক্টোবর	শ্রীগোবিন্দ ভট্টাচার্য্যজীর আবির্ভাব তিথি।
৩রা কার্ত্তিক	শুক্রবার	অষ্টমী	২০শে অক্টোবর	গোবিন্দশরণ আচার্য্য তিথি।
৪ঠা কার্ত্তিক	শনিবার	নবমী	২১শে অক্টোবর	শ্রী শ্রবণ ভট্টাচার্য্যজীর আর্বিভাব তিথি।
৬ই কার্ত্তিক	সোমবার	একাদশী	২৩শে অক্টোবর	একাদশীর ব্রত ও উপবাস। শ্রী মাধব তিথি।
৭ই কার্ত্তিক	মঙ্গলবার	দ্বাদশী	২৪শে অক্টোবর	শ্রীশ্রী হরিব্যাস দেবাচার্য্যজীর আর্বিভাব তিথি।
৯ই কার্ত্তিক	বৃহস্পতিবার	অমাবস্যা	২৬শে অক্টোবর	কালীপূজা।
১১ই কার্ত্তিক	শনিবার	প্রতিপদ	২৮শে অক্টোবর	শ্রীশ্রী গোবর্দ্ধন পূজা। অন্নকূট মহোৎসব।
১৫ই কার্ত্তিক	বুধবার	পঞ্চমী	১লা নভেম্বর	পরমারাধ্য শ্রী শ্রী গুরুদেব ব্রজবিদেহী মহন্ত ও চতুঃসম্প্রদায়ের শ্রী মহন্ত স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়া বাবাজী মহারাজের শুভ আর্বিভাব উৎসব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১৮ই কার্ত্তিক	শনিবার	অষ্টমী	৪ঠা নভেম্বর	শ্রী স্বভূরামদেবাচার্য্যের তিথি, গোপাষ্টমী।
১৯শে কার্ত্তিক	রবিবার	নবমী	৫ই নভেম্বর	শ্রী হংস ভগবান শ্রী শ্রী সনকাদি ভগবানের আবির্ভাব। শ্রী শ্যামসুন্দর দাসজীর তিরোভাব তিথি।
২২শে কার্ত্তিক	বুধবার	দ্বাদশী	৮ই নভেম্বর	উত্থান একাদশীর ব্রত ও উপবাস।
২৪শে কার্ত্তিক	শুক্রবার	চতুর্দ্দশী	১০ই নভেম্বর	ব্রজবিদেহী মহন্ত ও চতুঃসম্প্রদায়ের শ্রী মহন্ত ১০৮ স্বামী সন্তদাস বাবাজী মহারাজের তিরোভাব উৎসব।
২৫শে কার্ত্তিক	শনিবার	পূর্ণিমা	১১ই নভেম্বর	শ্রীশ্রী কৃষ্ণের রাসযাত্রা। শ্রীশ্রী নিম্বাকাচার্য্যের শুভ আর্বিভাব তিথি ব্রত ও উপবাস।
৩০শে কার্ত্তিক	বৃহস্পতিবার	পঞ্চমী	১৬ই নভেম্বর	শ্রী ১০৮ স্বামী জানকীদাস কাঠিয়া বাবাজীর আর্বিভাব ও তিরোভাব উৎসব।
৬ই অগ্রহায়ণ	বুধবার	দ্বাদশী	২২শে নভেম্বর	একাদশীর উপবাস।
১২ই অগ্রহায়ণ	মঙ্গলবার	দ্বিতীয়া	২৮শে নভেম্বর	শ্রী সুন্দর ভট্টাচার্য্যজীর আবির্ভাব তিথি।
১৫ই অগ্রহায়ণ	শুক্রবার	পঞ্চমী	১লা ডিসেম্বর	শ্রীশ্রী কৃপাচার্য্যজীর আর্বিভাব তিথি।
২১শে অগ্রহায়ণ	বৃহস্পতিবার	একাদশী	৭ই ডিসেম্বর	একাদশীর ব্রত ও উপবাস।
২২শে অগ্রহায়ণ	শুক্রবার	দ্বাদশী	৮ই ডিসেম্বর	শ্রীনারদ ভগবানের আবির্ভাব তিথি।
১লা পৌষ	রবিবার	সপ্তমী	১৭ই ডিসেম্বর	শ্রী রাসবিহারী দাস কাঠিয়া বাবাজীর আবির্ভাব তিথি। শ্রী সর্ব্বেশ্বরসরণ দেবাচার্য্যের আবির্ভাব।
৫ই পৌষ	বৃহস্পতিবার	একাদশী	২১শে ডিসেম্বর	শ্রী গোপাল ভট্টাচার্য্যজীর আবির্ভাব তিথি। একাদশীর ব্রত ও উপবাস।
১১ই পৌষ	বুধবার	দ্বিতীয়া	২৭শে ডিসেম্বর	শ্রী অর্জুন দাস কাঠিয়া বাবাজীর আবির্ভাব তিথি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১৫ই পৌষ	রবিবার	পঞ্চমী	৩১শে ডিসেম্বর	কাঠিয়াবাবার আশ্রমে সুখচরে গীতা জয়ন্তী।
২১শে পৌষ	শনিবার	একাদশী	৬ই জানুয়ারী	একাদশীর ব্রত ও উপবাস।
২২শে পৌষ	রবিবার	দ্বাদশী	৭ই জানুয়ারী	ব্রজবিদেহী মহন্ত ও চতুঃসম্প্রদায়ের শ্রী মহন্ত শ্রীরামদাস কাঠিয়া বাবাজী মহারাজের তিরোভাব মহোৎসব।
২৪শে পৌষ	মঙ্গলবার	পূর্ণিমা	৯ই জানুয়ারী	পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ (ভারতবর্ষে দৃশ্য)
গ্রহণস্পর্শ—	১২/১২ রাত্রি			
গ্রহণমধ্য—	১/৫০ রাত্রি			
গ্রহণমোক্ষ—	৩/২৯ রাত্রি			
২৯শে পৌষ	রবিবার	পঞ্চমী	১৪ই জানুয়ারী	গঙ্গাসাগরে সঙ্গম স্নান।
৬ই পৌষ	শনিবার	একাদশী	২০শে জানুয়ারী	একাদশীর ব্রত ও উপবাস।
৯ই পৌষ	মঙ্গলবার	চর্তুদশী	২৩শে জানুয়ারী	শ্রী বলভদ্র ভট্টাচার্য্যজীর আবির্ভাব উৎসব।
১৫ই মাঘ	সোমবার	পঞ্চমী	২৯শে জানুয়ারী	শ্রী পঞ্চমী। শ্রীশ্রী সরস্বতী পূজা। পশ্চিমদেশে বসন্তোৎসব। ভাষ্যকার শ্রী নিবাসাচার্য্যজীর আবির্ভাব উৎসব।
২১শে মাঘ	রবিবার	একাদশী	৪ঠা ফেব্রুয়ারী	ভৈমী একাদশীর ব্রত ও উপবাস।
২৪শে মাঘ	বৃহস্পতিবার	পূর্ণিমা	৮ই ফেব্রুয়ারী	মাঘী পূর্ণিমা। কলিযুগাদ্যা।
৭ই ফাল্গুন	সোমবার	দ্বাদশী	১৯শে ফেব্রুয়ারী	ব্যাঞ্জুলী মহাদ্বাদশীর ব্রত ও উপবাস।
১০ই ফাল্গুন	বৃহস্পতিবার	চতুর্দশী	২২শে ফেব্রুয়ারী	শ্রীশ্রী শিবরাত্রি ব্রত ও উপবাস।
১৫ই ফাল্গুন	মঙ্গলবার	চতুর্থী	২৭শে ফেব্রুয়ারী	শ্রী বিশ্বাচার্য্যজীর আবির্ভাব উৎসব।
২০শে ফাল্গুন	রবিবার	নবমী	৪ঠা মার্চ	ব্রহ্মচারিণী গৌরিদেবীর জন্মদিন।
২২শে ফাল্গুন	মঙ্গলবার	একাদশী	৬ই মার্চ	একাদশীর ব্রত ও উপবাস। গোবিন্দদ্বাদশী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২৫শে ফাল্গুন	শুক্রবার	পূর্ণিমা	৯ই মার্চ	দোলপূর্ণিমা। শ্রী শ্রী কৃষ্ণের দোলযাত্রা। গঙ্গাস্নান ও গোবিন্দ অর্চণ কর্ত্তব্য।
২৭শে ফাল্গুন	রবিবার	দ্বিতীয়া	১১ই মার্চ	শ্রী গাঙ্গল ভট্টাচার্য্যের আবির্ভাব উৎসব।
২৯শে ফাল্গুন	মঙ্গলবার	চতুর্থী	১৩ই মার্চ	শ্রী উপেন্দ্র ভট্টাচার্য্যের আবির্ভাব উৎসব।
৬ই চৈত্র	মঙ্গলবার	একাদশী	২০শে মার্চ	একাদশীর ব্রত ও উপবাস।
৭ই চৈত্র	বুধবার	দ্বাদশী	২১শে মার্চ	শ্রী শ্যাম ভট্টাচার্য্যের আবির্ভাব উৎসব।
৮ই চৈত্র	বৃহস্পতিবার	ত্রয়োদশী	২২শে মার্চ	বারুণী গঙ্গাস্নান। শ্রী কৃষ্ণশরণ দেবাচার্য্যের আবির্ভাব উৎসব।
১২ই চৈত্র	সোমবার	প্রতিপদ	২৬শে মার্চ	শ্রী কেশব ভট্টাচার্য্যের আবির্ভাব উৎসব।
১৭ই চৈত্র	শনিবার	সপ্তমী	৩১শে মার্চ	বাসন্তী পূজা, শ্রীপুরুষোত্তম আচার্য্যের আবির্ভাব উৎসব।
১৮শে চৈত্র	রবিবার	অষ্টমী	১লা এপ্রিল	শ্রী অন্নপূর্ণা পূজা।
১৯শে চৈত্র	সোমবার	নবমী	২রা এপ্রিল	রামনবমী ব্রত ও উপবাস।
২১শে চৈত্র	বুধবার	একাদশী	৪ঠা এপ্রিল	একাদশীর ব্রত ও উপবাস।
৩০শে চৈত্র	শুক্রবার	পঞ্চমী	১৩ই এপ্রিল	চড়কপূজা, কেশব ব্রতারম্ভ।

—— ০ ——

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুর উপদেশ গ্রহণ করিয়া তাঁহার প্রদর্শিত পন্থাতে চিত্তকে শ্রীভগবানে নিবিষ্ট করাই বিক্ষিপ্ত চিত্তকে সংযত করিবার প্রধান উপায়।"

১লা বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অজ্ঞানই ভগবানে বিশ্বাস হারাইবার প্রধান কারণ। গুরুবাক্যে সম্পূর্ণ বিশ্বাস করিয়া সাধন করিতে করিতে এই অজ্ঞান যে পরিমাণে দূর হয় সেই পরিমাণে ভগবানে বিশ্বাস জন্মিতে থাকে।"

২রা বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরুর আশ্রয় লাভ করিলেও, এমনকি ব্রহ্মজ্ঞ হইলেও, যে পর্যন্ত দেহ বর্তমান থাকে। সেই পর্যন্ত প্রারব্ধ ভোগ হইয়া থাকে।"

৩রা বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরুর আশ্রয় প্রাপ্ত হইলে সঞ্চিত ও ক্রিয়মান কর্মই নষ্ট হয়, প্রারব্ধ কর্ম নষ্ট হয় না। ইহা শ্রুতি ও বেদান্ত দর্শনে স্পষ্টভাবে উপদিষ্ট হইয়াছে।"

৪ঠা বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ইহা নিশ্চিত জানিবে যে শ্রীশ্রীসদ্‌গুরু সর্বদাই তোমার কাছে থাকিয়া তোমার অন্তর বাহির, সমস্ত কার্যকলাপই দেখিতেছেন ও কল্যাণ বিধান করিতেছেন।"

৫ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরু ও ভগবান অভিন্ন, তাঁহাদের মধ্যে ভেদ নাই। তুমি তাঁহার উপর সম্পূর্ণরূপে নির্ভর করিয়া সর্বদা সর্বাবস্থায় নিশ্চিন্ত ও নির্ভর থাকিতে অভ্যাস করিবে।"

৬ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চিত্তকে যত সংস্কারমুক্ত করিতে পারিবে ততই চিত্তবৃত্তিকে ভগবদভিমুখী করা সহজ হইবে।"

৭ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্যস্ততাতে ভগবানকে শীঘ্র লাভ করা যায় না। যাহার ভগবানের উপর বিশ্বাস ও নির্ভরতা কম সেই ব্যস্ত হয়।"

৮ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবান যে প্রত্যেক কার্যের নিয়ন্তা এবং তিনি নিজ ইচ্ছানুসারে উপযুক্ত সময়ে কার্য করেন, এ বিশ্বাস থাকিলে ব্যস্ত হইতে হয় না।"

৯ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে পরিমানে সুখ দুঃখাদিরূপ কর্মফল ভোগ হইয়া যায়, সেই পরিমানে কর্মও ক্ষয় হইতে থাকে এবং চিত্তও নির্মল হইয়া ভগবৎ দর্শনের অধিকারী হয়।"

১০ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অনিত্য বস্তুর প্রতি আসক্তি থাকাই দুঃখের মূল। অতএব আসক্তি পরিত্যাগ করিতে অভ্যাস করিতে থাকিলে যে পরিমান আসক্তি কমিবে, সেই পরিমানে দুঃখও কমিবে।"

১১ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে থাকিয়া স্ত্রীপুত্রাদিকে ভগবদ্রূপী জ্ঞান করিয়া ভগবদ্বুদ্ধিতে সেবা নির্লিপ্তভাবে করিয়া গেলে মনের মধ্যে অশান্তি আসিতে পারে না।"

১২ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শরীরাদিতে অহং বুদ্ধি হেতুই দুঃখ অসন্তোষাদি আসে। যাহার সমস্তই ভগবানে অর্পিত হইয়াছে সুতরাং অহং বুদ্ধি নাই তাহার আর দুঃখ অসন্তোষাদি কিসের?"

১৩ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাসনা আকাঙ্ক্ষাই দুঃখ অশান্তির মূল। যে অতি গরীব সেও যদি বাসনা আকাঙ্ক্ষা ত্যাগ করিতে পারে তাহা হইলে প্রায়শই অনাহারে থাকিলেও সে শান্তিতে ও সুখে থাকে।"

১৪ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অতি অল্পে সন্তুষ্ট থাকিতে অভ্যাস করিলে ভগবান তাহাতে প্রসন্ন হইয়া জীবের সমস্ত অভাব স্বতঃই দূর করিয়া দেন।"

১৫ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মানুষ পূর্বজন্মার্জিত ফল ইহজন্মে ভোগ করিয়া থাকে। এই ভোগ তাহার কল্যাণের জন্যই হইয়া থাকে। ইহাতে বিচলিত হইতে নাই।"

১৬ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেব-দেবীতে কোন ভেদ নাই, ভেদ সাধারণ লোকের কাছে। মা কালী পরমা বৈষ্ণবী এবং মহাদেব পরম বৈষ্ণব।"

১৭ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিপদের সময় শ্রীভগবানের উপর নির্ভর করিয়া বেশ শান্তিতে ধৈর্য ধারণ সহকারে অবস্থান করিয়া কর্তব্যপালন করিবার চেষ্টা করিলে সহজে বিপদ কাটিয়া যায়।"

১৮ই বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দুঃখ বিপদ মানুষকে গড়িয়া তোলে। তাহাতে মানুষের কল্যাণ হয়। দুঃখ বিপদ না আসিলে মানুষ সর্বদাই অহঙ্কারে মত্ত থাকিত।"

১৯শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দুঃখের সময় মনকে প্রসন্ন রাখার সাধন করিয়া চিত্তকে স্থায়ীভাবে প্রসন্ন যে করিতে পারে, সেই যথার্থ শান্তি লাভ করিতে পারে এবং ইহাই যথার্থ শান্তি লাভের রাস্তা।"

২০শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যিনি মনে করেন দুঃখ আসিবে না অথচ শান্তিলাভ করিব, তিনি কোনদিনই যথার্থ শান্তিলাভ করিতে পারেন না।"

২১শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যথার্থই তোমার অন্তর যখন প্রার্থনাপ্রবন হইয়া তাঁহার কৃপালাভের জন্য উন্মুখ হইবে, তখনই তাঁহার অজস্র কৃপা পাইবে এবং তাহা স্বতঃই অনুভব করিবে।"

২২শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাহ্য দুঃখকষ্টকে তাঁহারই দান জ্ঞানে প্রসন্ন চিত্তে গ্রহণ করিতে অভ্যাস কর, তাহা হইলে ভগবান স্বয়ং তোমার প্রতি প্রসন্ন হইয়া তোমার অন্তরকে ক্রমশঃ মধুময় করিয়া দিতে থাকিবেন।"

২৩শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কর্মফলের হাত হইতে কাহারও নিস্তার নাই। তবে যতই ধৈর্যের সঙ্গে সহ্য করা যায় ততই শ্রী·ভগবান প্রসন্ন হইয়া থাকেন।"

২৪শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শান্তি, অশান্তি জীবনে মধ্যে মধ্যে আসিবেই, তাহা অবিচলিতভাবে ভোগ করিয়া যাওয়াই ভাল। দোষ দর্শনাদি বিলুপ্ত হইয়া চিত্ত সম্পূর্ণ নির্মল হইবার পূর্বে স্থায়ী শান্তিলাভ হয় না।"

২৫শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তিনি সর্বব্যাপী হওয়ায় সর্বদাই তোমার সঙ্গে সঙ্গে আছেন।”

২৬শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরমাত্মা সর্বরূপী ও অদ্বৈত হওয়ায় তিনি ভিন্ন কিছু নাই। সর্বজ্ঞ হওয়ায় তোমার প্রার্থনা সমস্তই জানিতেছেন এবং সর্বশক্তিমান হওয়ায় তোমার প্রার্থনা সমস্ত পূর্ণ করিতে সমর্থ, ইহা নিশ্চিত জানিয়া ব্যাপক ব্রহ্মের ধ্যান করিতে অভ্যাস করিবে।"

২৭শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভ্রূদ্বয়ের মধ্যে শ্রীশ্রীরাধাকৃষ্ণের ধ্যানের সহিত ব্যাপক ব্রহ্মের ধ্যান করিতে থাকিলে তাহার দ্বারাই কুন্ডলিনী শক্তি ধীরে ধীরে ঊর্ধ্বগামী হয়।"

২৮শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রী রাধাকৃষ্ণকেই পরমাত্মা পরব্রহ্ম বলিয়া জানিবে। তিনি সর্ব্বব্যাপী অদ্বৈত অখন্ড চিদানন্দ স্বরূপ হইয়াও ভক্তদের ধ্যানের সুবিধার জন্য সুচিন্ত্য বিগ্রহ ধারণ করিয়াছেন।"

২৯শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যুগলমূর্তি ধ্যানের সঙ্গে সর্বব্যাপী ব্রহ্মের চিন্তা করিয়া নিজেকেও তাঁহার অঙ্গীভূত জ্ঞান করিতে হয়, শ্রীশ্রী রাধাকৃষ্ণের মূর্তিও সেই সর্বব্যাপী ব্রহ্মের অঙ্গীভূত রূপে প্রকাশিত।"

৩০শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জপে মন না বসিলেও জোর করিয়া নিয়মিত দুইবেলা আসনে বসিয়া ভজন করিবে। তাহাতে নিষ্ঠা হইবে এবং নিষ্ঠা হইলেই আপনা হইতেই ভজন করিতে ইচ্ছা হইবে; না করিলে ভাল লাগিবে না।"

৩১শে বৈশাখ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিজের মস্তকের উপর নিজ গুরুমূর্তির ধ্যান করিয়া প্রনাম করিবে; পরে দুই ভ্রূর মাঝখানে (যেখানে বিন্দু দেওয়া হয়) সেখানে শ্রীশ্রী রাধাকৃষ্ণ যুগল মূর্তির ধ্যান করিয়া প্রনাম করিবে।"

১লা জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভ্রূদ্বয়ের মধ্যস্থলেই শ্রীশ্রী রাধাকৃষ্ণের চরণ ধ্যান করিবে। ঐ স্থানে দ্বিদল পদ্ম আছে। ঐ পদ্মের উপর ইষ্টকে দণ্ডায়মান অবস্থায় ধ্যান করিবে।"

২রা জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে পরিমানে গুরুবাক্যের উপর বিশ্বাস করিয়া উপদেশানুসারে নিষ্ঠার সহিত ভজন করিতে থাকিবে, সেই পরিমানে চিত্তের সংস্কার দূরীভূত হইতে থাকিবে এবং সেই পরিমানে মনও স্থির হইতে থাকিবে।"

৩রা জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তুমি যে নাম পাইয়াছ তাহাই উপদেশমত নিষ্ঠার সহিত নিয়মিতরূপে জপ করিয়া যাও, আর জপের সময় কাতর প্রাণে তোমার শরীর, মন, প্রান, আত্মা শ্রীভগবানে অর্পন করিতে অভ্যাস কর।"

৪ঠা জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চক্ষু মুদ্রিত করিয়া ধ্যান করিতে করিতে ভজন করিলে মন সহজে স্থির হয়; এই জন্য ধ্যান করিয়া ভজন করার নিয়ম। বাহিরে দৃষ্টি রাখিয়া ভজন করিলে অধিকাংশ লোকেরই মন স্থির করার অসুবিধা হয়।"

৫ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনের চঞ্চলতা ত আছেই। বহুজন্মের কর্ম সংস্কারবশে উহা জন্মিয়াছে। ভজন করিতে করিতে ক্রমশঃ উহা যাইবে, সহসা তাহা চলিয়া যায় না। এজন্য ব্যস্ত হইলে চলিবে না।"

৬ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বহুজন্মের সংস্কারের দ্বারা চিত্ত কলুষিত হইয়া আছে, ভজন করিতে করিতে সেই সংস্কারের ময়লা দূরীভূত হইয়া বিশ্বাস গাঢ় হইতে থাকিবে। ব্যস্ত হইও না।"

৭ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্থির চিত্তে ভজন করিতে অভ্যাস কর, শ্রীভগবৎ কৃপায় কল্যাণ লাভ হইবে। যিনি যত ব্যস্ত হইবেন, তাঁহার তত বিলম্ব হইয়া যাইবে।"

৮ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সব অবস্থাই ভগবদ্দত্ত জ্ঞানে গ্রহণ করিয়া সর্বদা চিত্তকে প্রসন্ন রাখিতে অভ্যাস যিনি করেন এবং গুরুপদিষ্ট মার্গে চলিতে থাকেন, তিনি খুব শীঘ্র শীঘ্র সাধন পথে অগ্রসর হয়েন।"

৯ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পদস্খলনের জন্য মন খারাপ না করিয়া সাধন পথে অগ্রসর হইতে থাক। সাধক মাত্রকেই বহু প্রলোভন অতিক্রম করিতে হয়।"

১০ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেরূপভাবে ভজন করিতে বলিয়াছি দৃঢ়চিত্তে শান্তমনে নিষ্ঠার সহিত সেইরূপ করিতে থাকিলে ধীরে ধীরে মনের ময়লা পরিষ্কার হইতে থাকিবে। অনন্ত জন্মের সংস্কার একদিনে দূর হয় না।"

১১ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে কোন বাধাবিঘ্ন আসে ভগবৎ প্রেরিত জ্ঞান করিয়া প্রসন্ন চিত্তে গ্রহণ করিতে অভ্যাস করিবে। তাহা হইলেই দেখিবে তোমার ভজনের কাজ হইয়া যাইবে এবং মনে শান্তি আসিবে।"

১২ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাহ্য নিন্দাস্তুতি মান অপমান অগ্রাহ্য করিয়া নিশ্চলভাবে গুরু উপদেশ অনুসারে ভজন করিয়া যাও, কল্যাণ লাভ হইবে।"

১৩ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জপ ধ্যান সম্বন্ধে তোমার কাজের অবস্থা অনুসারে যেটুকু পার, সেইটুকুই করিবে। নিজে ইচ্ছা করিয়া সময় নষ্ট না করিলেই হইল। কাজ কর্ম করার সময়ও মনে মনে জপ করিতে অভ্যাস করিবে।"

১৪ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত সংস্কারমুক্ত হইয়া চিত্ত নির্মল হইতে থাকিবে, ততই ক্ষুদ্র অহংভাব দূর হইয়া ব্যাপক ব্রহ্মবুদ্ধি আসিতে থাকিবে। ইহা ভজন করিতে করিতে ধীরে ধীরে আসে। ব্যস্ত হইতে নাই।"

১৫ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুদত্ত মন্ত্র জপ করিলেই তোমার সব হইবে। ইষ্টদেব ও দেবী ভগবানেরই রূপ। সাক্ষাৎ ভগবানই।"

১৬ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিলকে শরীর পবিত্র থাকে এবং কবচের মত সর্বদা শরীরকে রক্ষা করে। ইহা ভগবানকে লাভের নিশ্চয়ই সহায়ক। ইহাতে অহঙ্কার না হইয়া বরং অহঙ্কার নষ্ট হয়।"

১৭ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চলাফেরার সময় জপ কর, ইহা ভালই; কিন্তু আসনে বসিয়াও কিছু সময় জপ করা অবশ্য দরকার। ইহারই মধ্যে একটু সময় করিয়াই লইতে হয়।"

১৮ই জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের দর্শন সত্যই পাওয়া যায়। কিন্তু চিত্ত নির্মল না হইলে তাঁহার দর্শন পাওয়া যায় না। কামক্রোধাদি রিপু বশীভূত ও সর্বপ্রকার কামনা বাসনা রহিত হইলে তখন চিত্ত যথার্থ নির্মল হয়।"

১৯শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাহাতে কাম ক্রোধাদি বশীভূত হয় ও কামনা বাসনা রহিত হওয়া যায়, সেইজন্য গুরুদত্ত নাম ভক্তি ও নিষ্ঠার সহিত শান্ত-চিত্তে ইষ্টমন্ত্র জপ করিতে করিতে ইহার অভ্যাস করিতে হয়। ব্যস্ততায় কিছু হয় না।"

২০শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ধীরে ধীরে প্রসন্ন চিত্তে সাধন করিতে হয়। প্রত্যেকের হৃদয়ে তিনি আছেন, ইহা মিথ্যা নয়, ইহা সত্যই। কিন্তু চিত্ত কলুষিত থাকায় তাঁহাকে দেখা যায় না।"

২১শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিনি সর্বত্র পূর্ণরূপে আছেন। ইষ্টমন্ত্র জপ সহকারে তাঁহাতে আত্মসমর্পণ করিতে অভ্যাস করিলে ক্রমশঃ তাহা বুঝিতে পারা যায়।"

২২শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেমন প্রত্যহ জপ ও ধ্যান কর, পিতৃমাতৃ বিয়োগ জনিত অশৌচেও তদ্রুপই করিতে হয়।"

২৩শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সন্তান প্রসবের পর শুদ্ধ না হওয়া পর্যন্ত তিলক ও মালাতে জপ করিতে নাই, কেবল মনে মনে জপ ও ধ্যান করিবে। শুদ্ধ হওয়ার পর (স্নান করিয়া) তিলক ও মালা জপ করিতে পারিবে। তখন জাতকের কপালেও গোপীচন্দনের ফোঁটা দিতে বাধা নাই।"

২৪শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ধ্যান ও জপ তোমার সময় অনুসারে করিবে। জপের সংখ্যা প্রত্যহ একরূপ হওয়া চাই, কম না হয়। কোন দিন অধিক সময় পাইলে অধিক জপ করিতে পার তাহাতে বাধা নাই।"

২৫শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিষ্ঠাপূর্বক নিয়মমত জোর করিয়া সকালে বিকালে দুই ঘন্টা অবশ্য ভজনে বসিতে চেষ্টা করিবে। কিছুদিন জোর করিয়া বসিতে থাকিলে পরে দেখিবে আপনা হইতে ভজনে ইচ্ছা হইবে। না বসিলে ভাল লাগিবে না।"

২৬শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নাম করিলে সংসারের দুঃখ সহ্য করিবার ক্ষমতা হয় এবং পরকালের মঙ্গল হয়—এইরূপ বিশ্বাস হইলে, নাম করিতে আপনা হইতে ইচ্ছা হইবে।"

২৭শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে একমাত্র ভগবদ্ ভজনই পরম সহায় হয়। মৃত্যু হইলে সেই সময় কেহ বা কোন কিছু সঙ্গে যাইবে না অথচ মৃত্যুও অবশ্যই হইবে। একমাত্র নামই তখন সহায় হইবে।"

২৮শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"উপদেশানুযায়ী দুইবেলা নিয়মিত ভজন করিবে এবং ক্রমশঃ নামের সংখ্যা সম্ভব হইলে কিছু কিছু বাড়ইতে চেষ্টা করিবে। অন্য সময় যথাশক্তি মনে মনে নাম করিতে চেষ্টা করিবে।"

২৯শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তুমি চেষ্টা করিয়াও আসনে বসিবার সময় করিতে পার না বলিয়া দুঃখ করিবে না। শ্রীভগবান তোমার অবস্থা দেখিতেছেন। বৃদ্ধ শ্বশুর, স্বামী ও রুগ্ন ছেলের সেবাও ভগবৎ সেবারই অঙ্গ।"

৩০শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানেরই সেবা করিতেছ মনে করিয়া প্রীতির সহিত সকলের সেবা করিয়া গেলে তদ্দ্বারাই তোমার ভগবৎ সেবা হইবে। এই জন্য মনে কোনও দুঃখ রাখিবে না। তবে কাজ করিতে করিতে মনে মনে ইষ্টমন্ত্র জপ করিতে অভ্যাস করিবে।"

৩১শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দীক্ষার সময়ই ত বলিয়া দিয়াছি যে, হাঁটিতে, বসিতে, খাইতে, শুইতে, কাজ করিতে সব সময় মনে মনে জপ করিবে। এইরূপ করিতে পারিলে তোমার সাধন ভজনও গৃহকর্মের সঙ্গে সঙ্গে হইয়া যাইবে।"

৩২শে জ্যৈষ্ঠ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত শ্রীগুরুর উপদেশমত চলিতে থাকিবে ততই তাঁহার কৃপা অনুভবের মধ্যে আসিতে থাকিবে। অতএব তুমি শ্রীগুরুর উপদেশ মত চলিতে চেষ্টা করিবে।"

১লা আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরু করিতে হইলে সব বিচার ছাড়িয়া দিয়া তবে শিষ্য হইতে হয়।"

২রা আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বহু সুকৃতি বলে ইহজন্মে দুর্লভ মানব দেহ পাইয়াছ, এই দেহ দ্বারা যাহাতে শ্রীভগবৎ সেবাপূজা, নাম জপ ইত্যাদি করিতে পার, সেই দিকে মনোযোগী হইবে ও সর্বদা চেষ্টা করিবে।"

৩রা আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ক্রোধ সাধনের পক্ষে বলবান প্রতিবন্ধক। ইহা যতক্ষণ অন্তরে থাকিবে, ততক্ষণ ঠিক ঠিক সাধন ভজন হইতে পারে না, বুদ্ধিকে বিবেকহীন করিয়া রাখে, অন্তরকে অশান্তিপূর্ণ (শুষ্ক) করিয়া দেয়; সুতরাং প্রসন্ন মনে ভজন কিরূপে সম্ভব হইতে পারে?"

৪ঠা আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্ত্রী তোমার অর্দ্ধাঙ্গিনী, তাহাকে ক্লেশ দিলে তোমারও অন্তরে ক্লেশ স্বতঃই আসিবে; ভগবানও তাতে অপ্রসন্ন হন। সুতরাং তোমার স্ত্রী যাহাতে দুঃখ না পান তৎপ্রতি তুমি বিশেষ দৃষ্টি রাখিবে।"

৫ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেহ ধারণ করিয়া থাকা অবস্থায় সুখদুঃখাদি ও কামক্রোধাদি রিপুর প্রভাব হইতে একেবারে মুক্ত হওয়া যায় না।"

৬ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনুষ্য মাত্রেরই মধ্যে দোষত্রুটি কিছু থাকেই; নির্দোষ কেহই হয় না।"

৭ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেকের মধ্যে সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণের কার্য হইয়া থাকে। সাধকের মধ্যেও এই তিন গুণের কার্য হয়। তবে ঐ তিন গুণের ক্রিয়া হইয়া গেলেও সাধকপুরুষ তাহাতে নির্লিপ্ত থাকিতে অভ্যাস করেন। তুমিও তদ্রূপ অভ্যাস করিবে।"

৮ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ইষ্টমন্ত্র স্মরণ করিয়া তোমার দেহমন পবিত্র করিতেছ এই ভাব মনে আসিলে দেহমন পবিত্র হইতে অবশ্যই পারে।"

৯ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুপূর্ণিমার দিন ভগবান গুরুরূপে জগতে প্রথম প্রকাশিত হইয়াছিলেন। ঐদিন গুরুর প্রতি একান্ত অনুগতভাব রাখিয়া বিশেষরূপে ভজন সাধন ও গুরুপরম্পরার উদ্দেশ্যে ভোগ দিতে হয় এবং সম্ভব হইলে গুরুভাইভগ্নী প্রভৃতি একত্রিত হইয়া প্রসাদ গ্রহণ করিতে হয় ও উৎসব করিতে হয়।"

১০ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যখনই প্রণাম করা প্রয়োজন তখনই সাষ্টাঙ্গে প্রণাম করিতে হয়। সেই সময় শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগুরু প্রভৃতি সকলের নিকট গুরুভক্তি ও ভগবদ্ভক্তি প্রার্থনা করা ভাল।"

১১ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে জন্ম মৃত্যু ইত্যাদিকে স্বাভাবিক জানিয়া জ্ঞানীপুরুষ হর্ষশোকে অভিভূত হয়েন না। তাঁহারা ইহাকে ভগবল্লীলা বলিয়াই জ্ঞান করেন। বাস্তবিক ইহাই যথার্থ সত্য। তুমিও নিজের চিত্তকে এই সমস্ত অবস্থার অতীত রাখিতে চেষ্টা করিবে।"

১২ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তোমার সংশয় হইলেও সহস্র সহস্র মুনি ঋষি যাঁহাকে প্রত্যক্ষ করিয়া গিয়াছেন ও এখনও করিতেছেন তাঁহার অস্তিত্ব বিষয়ে সংশয় নিজেরই দোষের জন্য হইয়া থাকে।"

১৩ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংশয় হইলেও তিনি বাস্তবিকই আছেন এবং ইচ্ছা করিলে ভক্তের ক্লেশ মুহূর্তের মধ্যে দূর করিতে পারেন। কিন্তু তাঁহার ইচ্ছার উপর সব নির্ভর।"

১৪ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তাঁহার অস্তিত্ব অনুভব করিয়া যিনি তাঁহাতে সম্পূর্ণ নির্ভর করিতে পারেন, অসহনীয় দুঃখের সময়ও শান্তির চ্যুতি তাঁহার হয় না।"

১৫ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রয়োজন স্থলে কঠোর হইতে এবং অন্যায়স্থলে প্রতিকার করিতে ত আমিই বলিয়াছি, তাহাও ত কর্তব্যের মধ্যে! অবস্থা বিবেচনা করিয়া কর্তব্য যাহা করিবার তাহা ত করিবেই।"

১৬ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভোগ না করিয়া উপায় নাই। তবে শ্রীভগবানের দয়ার উপর নির্ভর করিয়া যত প্রসন্ন মনে সহ্য করা যায়, ততই শীঘ্র ভোগের শেষ হয়। সুতরাং ইহাতে বিচলিত হইও না। ভগবৎ চরণে আত্মসমর্পন করিয়া যথাসাধ্য ভজন করিয়া যাও।"

১৭ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তদের ভগবান কি ভাবে কখন কি রূপ পরীক্ষা করেন, তাহা বুঝা কঠিন। তুমি অতি শান্তচিত্তে ধৈর্য সহকারে যথাসাধ্য নিজ কর্তব্য পালন করিতে চেষ্টা কর, বিচলিত হইও না।"

১৮ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানের উপর অবিশ্বাস আনিতে নাই। তিনি নাই, থাকিলেও নির্দয়, তাঁহার কোন বিচার নাই, এরূপ মনে করিয়া বৃথা অন্তরকে কলুষিত করিয়া লাভ নাই। ইহাতে আরও অশান্তি বাড়িয়া যায়।"

১৯ই আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিশ্বাসের সহিত তাঁহাকে যদি ধরিয়া রাখিতে পারা যায় ও কাতর প্রার্থনা করা যায়, তাহা হইলে সে প্রার্থনা নিশ্চয়ই তাঁহার কাছে পৌঁছায় ও তিনি তাহাকে কৃপা করেন।"

২০শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ঋণ যাহা আছে, তাহা শীঘ্র শোধ করার চেষ্টা করাই ভাল। ঋণশোধে শৈথিল্য করিলে পরে তাহা ক্রমশঃ বৃদ্ধি পাইয়া ক্লেশে জর্জরিত করে।"

২১শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তোমার ক্লেশ আমাকেও স্পর্শ করে। তুমি সুস্থ হইয়া উঠ আমি তাহা খুবই ইচ্ছা করি, কিন্তু তোমার ভোগ যাহা আছে তাহা ভোগ না করিয়াও ত উপায় নাই।"

২২শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এই সংসার সুখের স্থান নয়, এখানে চিরদিন থাকা যে সুখকর তাহাও নহে। সুতরাং সে এই দুঃখময় সংসার ছাড়িয়া গিয়াছে বলিয়া কেন এত শোক করিতেছ? তুমি কি ইচ্ছা করিলে তাহাকে ধরিয়া রাখিতে পারিতে?"

২৩শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্ত্রে উপদেশ আছে যে—যে বংশে একজন যথার্থ বৈষ্ণব হইয়াছেন তাঁহার উর্দ্ধতন সাত পুরুষ ও অধঃতন সাত পুরুষ উদ্ধার হইয়া যান।"

২৪শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গীতা মন্ত্রমালা, তাহা পাঠে বা শ্রবণে বিয়োগ জনিত দুঃখ সত্বরই প্রশমিত হয় জানিবে।"

২৫শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তুমি ইহা নিশ্চয় জানিবে যে, শ্রী ভগবান তোমার, আমার ও জগতের সকলের প্রকৃত স্বামী। সাংসারিক প্রভুভৃত্য স্বামী-স্ত্রী ইত্যাদি সম্বন্ধে মুগ্ধ থাকায়, আমরা প্রকৃত স্বামীকে ভুলিয়া থাকি।"

২৬শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এই যে দেহ ইহা ত নশ্বর! ইহার মধ্যে যিনি আছেন তিনি আত্মা বা তিনিই ভগবান। তিনিই স্থিতিশীল নিত্য বস্তু। সাধকের পক্ষে সেই দৃষ্টি খুলার চেষ্টা করিতে হয়।"

২৭শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অন্যায় কার্য করিলে নির্লিপ্তভাবে তাহার প্রতিকার করা প্রয়োজন। অন্তরে ক্রোধ বা বিদ্বেষভাব না থাকে তৎপ্রতি দৃষ্টি অবশ্য রাখিবে। এইরূপ করিয়াই সংসারে তুমি চলিতে চেষ্টা করিবে।"

২৮শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্তি দেওয়ার আমি কে'—এইরূপ ভাব আনিবে না। পুত্র, কন্যা বা চাকরাদি অন্যায় কার্য করিলে তাহার উপযুক্ত শাসন করিবে, ত্রুটি করিলে বরং ভগবানের নিকট দোষী হইতে হয়।"

২৯শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্যবহারিক সদাচার ও নিয়ম শ্রেষ্ঠ পুরুষগণ যদি রক্ষা না করেন, তাহা হইলে জগতের অপর কেহও তাহা রক্ষা করিবে না। তাহাতে সকলে ভ্রষ্টাচারী হইয়া যাইবে।"

৩০শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যতদূর সম্ভব পবিত্রভাবে শ্রীশ্রী ঠাকুরজীকে নিয়মিতরূপে ভোগ দিবে। যদি কিছু অনিয়ম হইয়াই যায়, তবে মনে তজ্জন্য তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিবে। তাহাতেই তিনি সন্তুষ্ট হইবেন।"

৩১শে আষাঢ়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবান মন দেখেন। বাহ্যিক আচারনিষ্ঠা যতদূর সম্ভব ততদূরই করিবে। অত্যধিক কিছুই ভাল নয়।"

১লা শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সর্বদা কিছু মনে হইলেই প্রশ্ন না করিয়া অন্তরে অন্তরে উত্তরের অনুভব করিতে চেষ্টা করিলে শ্রীভগবৎ কৃপায় অন্তরে যথার্থ অনুভব পাওয়া যায়। উত্তম অধিকারীরপক্ষে তাহাই কর্তব্য।"

২রা শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তিতেই ভগবান প্রসন্ন হ'ন। যে কোন মূর্তিতে ভগবান বুদ্ধিতে ভক্তি হইলে তাহাতেই অভীষ্ট সিদ্ধ হইতে পারে।"

৩রা শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পতিই স্ত্রীর পরম দেবতা; এজন্য পরম দেবতা জ্ঞানে পতির সেবা করিবে। পতি মনে দুঃখ পান এমন কোন আচরণ করিবে না; কারণ তাঁহার প্রসন্নতা থাকিলেই তোমার পরম কল্যাণ হইবে।"

৪ঠা শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের নিয়ন্তৃত্বে বিশ্বাস করিয়া ভক্তি শ্রদ্ধার সহিত শান্ত চিত্তে নাম জপ করিতে অভ্যাস করিলে তাহাতে ক্রমশঃ অশুভ সমূহ কাটিয়া যাইতে পারে।"

৫ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেকের মধ্যে সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিনটি গুণের কার্য হইয়া থাকে। সাধুদের মধ্যেও এই তিন গুণের কার্য হয়। তবে সাধকেরা ঐ গুণের ক্রিয়া হইয়া গেলেও তাহাতে নির্লিপ্ত থাকিতে অভ্যাস করেন।"

৬ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ঋণ কোনও প্রকারেই হইতে দিবে না, সেই দিকে বিশেষ দৃষ্টি রাখিবে। নিজেদের আহারাদির যদি কিছু কষ্ট হয়, তাহা করিয়াও ঋণ শোধ করিবে।"

৭ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারের উন্নতি অনেক পরিমানে গৃহিনীর উপর নির্ভর করে।"

৮ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে উন্নতি করিতে চায় তাহাকে অসাধারণ ধৈর্য ধারণ করিয়া বহু কিছু সহ্য করিতে হয়।"

৯ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মন্ত্রটি যে পরপর জপ হইতেছে তাহা মনে মনে শুনিয়া গেলে মন অন্য দিকে যাইতে পারে না। অন্য দিকে মন গেলে পরপর শুনা যাইবে না। এজন্য ঠিক পরপর জপ হইতেছে শুনিয়া গেলে মন তাহাতে লাগিয়া থাকে, ইহাতে দুর্ভাবনাও স্বতঃই দূর হইয়া যায়।"

১০ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেক কার্যের ফল নির্দিষ্ট আছে। কিন্তু কোন কোন কার্যের ফল এই জন্মে ভোগ করিতে হয়, কোন কোন কার্যের ফল পরজন্মে ভোগ করিতে হয়। এমন কোন কর্ম নাই যাহার ফল ভোগ করিতে হইবে না।"

১১ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে থেকে মানুষ সুখ ত চাইবেই! কিন্তু প্রকৃত সুখ ত পায় না! প্রকৃত সুখলাভ একমাত্র ভগবৎ প্রাপ্তিতে হয়। কিন্তু ভগবানকে লাভ করা সহজ নয় ত! সেজন্য কঠোর সাধন করিতে হয়।"

১২ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাংসারিক দিক দিয়ে বিচার করলে জন্মদাতা পিতা শ্রেষ্ঠ; কিন্তু আধ্যাত্মিক দিক দিয়ে বিচার করলে দীক্ষাদাতা গুরু সবচেয়ে শ্রেষ্ঠ। কারণ গুরু ইহকাল পরকালের সহায় হন এবং এই সংসার বন্ধন থেকে মুক্ত করে ভগবৎস্বরূপ প্রাপ্তি করান।"

১৩ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সর্বং অত্যন্তং গর্হিতং"—কোন বিষয়ে অতিরিক্ত কিছু করতে নাই। যাতে সব দিকে সামঞ্জস্য থাকে এরূপ সংযত ভাবে কাজ করতে হয়।"

১৪ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে নিজেকে বোকা বলে, অসমর্থ বলে বুঝে, সেই যথার্থ দৈন্যযুক্ত এবং তাঁর প্রতিই ভগবানের কৃপা হয়। যিনি জ্ঞানী ও গুণী অথচ অহঙ্কারী তাঁর প্রতি কৃপা হয় না। যথার্থ জ্ঞানী হলে অহঙ্কার হয় না।"

১৫ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"রোগের চিন্তা করবে না, রোগ হ'লেও তাকে অগ্রাহ্য করে চলতে অভ্যাস করবে। তোমার কোন রোগ নাই, এইরূপ মনে করতে অভ্যাস করবে, তাহলে ক্রমশঃ রোগ কমে যেতে থাকবে।"

১৬ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনকে সব সময় প্রসন্ন রাখলে ও নিশ্চিন্ত রাখলে শরীর নিজেই ভাল থাকে।"

১৭ই শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাঁর উপর সম্পূর্ণ রূপে নিজেকে সমর্পণ করে দেওয়া হয়, তাঁর সম্পূর্ণ শক্তি এসে, তার মধ্যে কাজ করে। গুরু ও ভগবানের উপর সম্পূর্ণরূপে নিজের ভার ছেড়ে দিলে তাঁর উপর সব ভার গিয়ে পড়ে এবং তখন দেহের মধ্যে সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়ে তার দ্বারা সব কাজ করিয়ে নেন।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের উদ্দেশ্যে দান সর্বশ্রেষ্ঠ। ভগবদাশ্রিত ভক্ত সমস্ত কিছু শ্রীভগবানেই অর্পণ করেন।"

১৯শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মায়া শ্রীভগবানের স্বরূপভূতা শক্তি। ইহা অনাদি এবং ইহাই জগৎ সৃষ্টির মুল কারণ। এই মায়াই জীবের স্বরূপকে আবৃত করিয়া রাখে।"

২০শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

“একমাত্র আত্মসমর্পণ করিতে পারিলে অন্য কোন সাধনের প্রয়োজন হয় না।”

২১শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবান সৎ, চিৎ ও আনন্দস্বরূপ হলেও তিনিই নিজে বহুরূপে প্রকাশিত হয়েছেন। তিনি যেমন সৎ স্বরূপ, সেইরূপ নির্গুণ, নিরাকার এবং সর্ব-ধর্ম-রহিত।"

২২শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাস্তবিক সমস্তই যখন ব্রহ্মস্বরূপ তখন মিথ্যা কিছুই নয়। ব্রহ্ম হতে ভিন্নরূপে জগৎকে দেখাই মিথ্যা। কিন্তু জগৎকে ব্রহ্মরূপে দেখলে জগৎ মিথ্যা নয়।"

২৩শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যিনি এই বিশ্বের সৃষ্টি স্থিতি ও লয় বিধান করেন, যিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান, সর্বনিয়ন্তা, সর্বব্যাপী, সর্বরূপী, তিনি ব্রহ্ম। তিনি সচ্চিদানন্দ স্বরূপ। সকল দেবদেবী তাঁর প্রকাশিতরূপ।"

২৪শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জীব যে পর্যন্ত অহং বুদ্ধিযুক্ত থাকে, অবিদ্যাগ্রস্ত থাকে, সেই পর্যন্ত তার কর্ম থাকে।"

২৫শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যখন জীব নিজেকে ভগবান হতে অভিন্ন সুতরাং নিজেকে সম্পূর্ণরূপে তাঁর অধীন বলে অনুভব করেন তখন তাঁর কোন কর্ম থাকে না। তাঁর সমস্ত কর্ম তিনি ভগবানের কর্ম বলে বোধ করেন।"

২৬শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জগতের প্রত্যেকটি ঘটনা ঈশ্বরের ইচ্ছাতেই ঘটছে—একটি গাছের পাতা পর্যন্ত তাঁর ইচ্ছা ব্যতিরেকে নড়তে পারে না।"

২৭শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিজের চেষ্টায় কেও ব্রহ্মজ্ঞান লাভ করতে পারে না। শ্রীগুরুর আদেশ নির্বিচারে পালন করে গেলে ও তাঁর উপদেশ মত সাধন ভজন করলে যথাসময়ে ব্রহ্মজ্ঞান লাভ হয়।"

২৮শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভোগ যত বাড়ানো যায় ততই বেড়ে যায়, ভোগের দ্বারা বিষয় বাসনা দূর হয় না। এজন্য ভোগের দ্বারা দেহমনের তৃষ্ণা মিটিয়ে তাকে প্রশমিত করা সম্ভব নয়, তাতে আত্মা কলুষিতই হয়।"

২৯শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মানুষ জন্মজন্মান্তরের সংস্কার হেতু বিষয়ের প্রতি স্বভাবতঃই অত্যন্ত অধিক আসক্ত রয়েছে। সেই আসক্তি থাকাতেই তার মন বিভিন্ন বিষয়ের প্রতি সর্বদা ধাবিত হয়। এই জন্যই মন সর্বদা চঞ্চল থাকে।"

৩০শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত বিষয়ের প্রতি আসক্তি বেশী থাকে, ততই মন বেশী চঞ্চল হয়। যে পরিমাণে আসক্তি কম হয়, সেই পরিমাণে মন স্থির হয়।"

৩১শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দীক্ষা যে নেয়, গুরু কোন স্তরে আছেন তা ধরার মত শক্তি যদি তার নিজের থাকত, তাহ'লে তাকে দীক্ষা নিতে হবে কেন?"

৩২শে শ্রাবণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাস্তবিক গুরু কৃপা করে নিজে পরিচয় না দিলে তাঁকে চেনা কঠিন।"

১লা ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরু কি অবস্থায় স্থিত আছেন তা শিষ্যের জানার সামর্থ্য হয় না। তবে তিনি কৃপা করে যদি জানান তাহলে অবশ্য জানতে পারে।"

২রা ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নাম গ্রহণ করলে অনেক বিষয়ে উন্নতি হয় কিন্তু দীক্ষার ফল লাভ হয় না। নামে চিত্তের শুদ্ধি ক্রমশঃ হ'তে থাকে এবং গতিও অনেকটা উর্দ্ধ হয়; কিন্তু দীক্ষা নিলে যে ফল লাভ হয়, সেই ফল লাভ হয় না।"

৩রা ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেমন অগ্নিতে ঘিকে হোম করলে, অগ্নি সেই ঘিকে একেবারে আত্মসাৎ ক'রে নেয়, পুনরায় তাকে ফিরিয়ে নেওয়া যায় না, সেই রকম দীক্ষার সময়ও শিষ্যকে (শিষ্যের জীবাত্মাকে) গুরু ব্রহ্মরূপ অগ্নিতে হোম ক'রে দেন। সেই হোম ক'রে দিলে, ব্রহ্ম তাকে একেবারে আত্মসাৎ ক'রে নেন।"

৪ঠা ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাধারণ শিষ্যও যদি সদগুরুর সহিত যুক্ত হয়, সে বুঝুক, আর না বুঝুক, তার শ্রীগুরুর সহিত অবিচ্ছিন্ন যোগ হ'য়ে যায়। তার বিচ্ছেদ কখনও হয় না। দেহত্যাগ করে পুনর্জন্ম গ্রহণ করলেও, সেই গুরুশক্তিই পুনরায় লাভ করে।"

৫ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুকৃপাতেই মোক্ষ লাভ হয়—"মোক্ষমূলং গুরোঃ কৃপা"। তবে ব্যস্ত হ'লে চলবে না, গুরু ধীরে ধীরে অন্তরের ময়লা দূর করতে থাকেন। যখন চিত্ত সম্পূর্ণ নির্মল হয়, তখনই ভগবদ্দর্শন হয় এবং মোক্ষ লাভ হয়।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুশক্তি সাক্ষাৎ ভগবান। বিভিন্ন দেহকে অবলম্বন করে সাক্ষাৎ ভগবানই গুরুরূপে জীব সমূহকে কৃপা করেন ও উদ্ধার করেন।"

৭ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুকৃপা না হ'লে জীব উদ্ধার হ'তে পারে না। জীবের এমন কোনও সামর্থ্য নেই যে, সে সংসার বন্ধন মুক্ত হ'তে পারে।"

৮ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুকৃপা অসাধারণ। তাঁর কৃপার অন্ত নেই। তিনি যে কতরূপে কৃপা করেন, যে তাঁর আশ্রয় নিয়ে তাঁর আদেশ পালন ক'রে চলে, সে ক্রমশঃ ক্রমশঃ তা বুঝতে পারে।"

৯ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুর প্রতি যে বিশ্বাস, সেটাই হ'ল শ্রদ্ধা। সেই শ্রদ্ধা একবার হ'য়ে গেলে তার আর পতন হবে না।"

১০ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ইষ্টদেবকে তো দেখা যায় না, ইষ্টদেবকে দেখার জন্য গুরুরই শরণ নিতে হবে। গুরু যদি কৃপা করে দর্শন করান তবেই দর্শন হবে।"

১১ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সদ্গুরুর ইচ্ছা হ'লে, তিনি কৃপা করলে প্রারব্ধ কর্মের কিছু লাঘব করতে পারেন; ভোগটা একেবারে যায় না।"

১২ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেহ থাকা পর্যন্ত প্রারব্ধ ভোগ হয়। দেহান্তের পর এইজন্মে যে সমস্ত কর্ম করছে সেই কর্মের ফল অনুসারে গতি হয়।"

১৩ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে গুরুবাক্যে বিশ্বাস ক'রে না, শ্রদ্ধা করে না, তার অতিশয় দুর্ভোগ আছে। তবে গুরু যখন গ্রহণ করেছেন, তখন তাকেও তিনি ফেলবেন না। তাকে সেই ভোগ ভুগিয়ে শুদ্ধ করে নেন।"

১৪ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এই দেহটাই গুরু নন, ভগবানই এই দেহটাকে অবলম্বন করে গুরু হয়েছেন। তিনি শিষ্যের হৃদয়ে সর্বদাই আছেন এবং প্রয়োজন মত শিষ্যের সম্বন্ধে যেরূপ ব্যবস্থা করার তাও করেন।"

১৫ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অনুক্ষণ তাঁকে চিন্তা করলে তাঁকে খুব শীঘ্র লাভ করা যায়।"

১৬ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাধনার আকাঙক্ষা জাগলে খুবই কল্যাণকর। কিন্তু শ্রীগুরুর উপদেশমত সাধন করতে হয়।"

১৭ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সেবাপূজা যতটুকু পার করা ভাল। তাতে স্বতঃ ভগবানের চিন্তা বা ধ্যান হয় এবং জপধ্যান অপেক্ষা সেবাপূজার দ্বারা চিত্ত শীঘ্র নির্মল হ'তে থাকে।"

১৮ই ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্তরে গুরু ও ভগবানকে অনুভব করিতে অভ্যাস করাই অধিক কল্যাণকর। ভগবান এইরূপ কৃপা ধীরে ধীরে করিবেন যাহাতে অন্তরে কিছু অনুভব করিতে পার।"

১৯শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"উপবিষ্ট ব্যক্তিরই উপাসনা সম্ভব হয়। অতএব উপবিষ্ট হইয়া উপাসনা করিতে হইবে, কারণ উপবেশন করিয়া উপাসনা করিলেই তাহা সম্যক সিদ্ধ হয়।

২০শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"আহার শুদ্ধি ব্রহ্মবিদ্যা উপাসনার বিশেষ সহায়কারী। কারণ তাহার দ্বারা চিত্তশুদ্ধি হয়। চিত্তশুদ্ধি না হইলে ব্রহ্মজ্ঞান লাভ হয় না বলিয়া উপাসকের চিত্তশুদ্ধির জন্য আহারশুদ্ধির একান্ত প্রয়োজন।"

২১শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চিত্তশুদ্ধির জন্য সত্ত্বিক আহার গ্রহণ একান্ত প্রয়োজন।

২২শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাত্ত্বিক আহার্যবস্তু হইতেও শ্রেষ্ঠ ভগবৎপ্রসাদ, সেইজন্য ভগবৎপ্রসাদ গ্রহণ করিলে অতি শীঘ্র চিত্ত শুদ্ধ হয় ও গুণাতীত অবস্থা লাভ করা যায়।

২৩শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ধ্যানের দ্বারাই উপাসনা করিতে হয় বলিয়া আসীন হইয়াই উপাসনা করিতে হইবে, কারণ আসীন না হইলে ধ্যান সম্যক্ প্রতিষ্ঠিত হয় না।"

২৪শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পরম্পরারূপে আগত গুরুশক্তি যিনি লাভ না করিয়াছেন, যিনি যত শক্তিশালী এবং যতই জ্ঞানী হউন না কেন, শিষ্যকে মোক্ষমার্গ প্রাপ্তি করাইতে পারিবেন না।"

২৫শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যম, নিয়ম, প্রাণায়ামাদির ফল যে কুন্ডলিনী শক্তিকে জাগ্রত করা, তা' সদ্‌গুরুর কাছে দীক্ষা লওয়ার সময়েই হয়ে যায়।"

২৬শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিভিন্ন বীজযুক্ত মন্ত্রকে বিভিন্ন ঋষি সাধনা দ্বারা সিদ্ধ করেছেন এবং সেই সিদ্ধমন্ত্র সাধন ক'রে যাতে পরমাত্মার সাক্ষাৎকার লাভ করতে পারা যায়, তদ্রুপ শক্তি তাতে সঞ্চারিত করেছেন।"

২৭শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"একমাত্র ব্রহ্মজ্ঞ শ্রীগুরুর কৃপাতেই আমাদের অজ্ঞানের অবরণ দূর হইতে পারে। শ্রীগুরু কৃপাতেই ব্রহ্মজ্ঞান লাভ হয়।"

২৮শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অংশী ও অংশ উভয়ের মধ্যে ভেদ ও অভেদ সম্বন্ধই যুগপৎ বর্তমান আছে।"

২৯শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্রহ্মজ্ঞান লাভ হইলে অনন্তে বৃহত্তম ভূমা সুখ লাভ হয় বলিয়া শ্রুতিতে উপবিষ্ট হইয়াছে।"

৩০শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অর্থভাবনার সহিত মন্ত্রজপ পরামাত্মদর্শনের ও মোক্ষলাভের জন্য একান্ত আবশ্যকীয় সাধন।"

৩১শে ভাদ্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাস্তবিক আত্মা অপেক্ষা প্রিয় আর কিছুই নাই, আত্মপ্রীতির জন্যই পতি স্ত্রীপুত্রাদি ও জাগতিক অপর সমস্ত বস্তু প্রিয় হয়।"

১লা আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্রহ্মাই জীবের আত্মা, সুতরাং সেই প্রিয় আত্মাকেই উপাসনা করা কর্তব্য তাই শ্রুতি স্বয়ং উপদেশ করিয়াছেন- "আত্মানমেব প্রিয়মুপাসীত"- (প্রিয় আত্মাকেই উপাসনা করিবে।)।"

২রা আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নামের রূপটিই হ'ল নামী। যদি জপের সহিত ঐ নামীর রূপটি ধ্যান করেন, তাহলে তার সংস্কার অন্তরে দৃঢ় হ'তে থাকে। এজন্য এতে তিনি শীঘ্র প্রকাশিত হ'ন।"

৩রা আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্ত্রীমূর্তির ভগবদ্রূপে ধ্যান করার ফলে জগতের সব স্ত্রীলোকের প্রতি ভগবদ্বুদ্ধি স্ফুরিত হয় এবং কামভাব স্বতঃই বিদূরিত হয়।"

৪ঠা আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যথার্থপক্ষে এই জগৎ অনিত্য, নশ্বর, একমাত্র পরমাত্মাই এই জগতের মধ্যে স্থিতিশীল বস্তু—এই জ্ঞান যিনি করতে পারেন, তিনি অনিত্য সংসারের প্রতি আসক্তি শূন্য হন, নির্লিপ্ত হতে থাকেন এবং সর্ব-ঘটে তাঁকেই দেখেন, নিজের মধ্যেও তিনি আছেন দেখেন।"

৫ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"আপনার এই অবস্থা এসেছে বলেই ত কাতরভাবে এত ডাকছেন, তাঁকে জানাচ্ছেন। তা না হলে কি এত কাতরভাবে তাঁকে ডাকতে পারতেন? সুতরাং এই দুঃখ বিপদ তাঁর অসীম কৃপা।"

৬ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীগুরু ও ভগবানকে লাভ করলে আমি স্থায়ী শান্তি ও আনন্দ লাভ করব, এই বোধ হলে গৃহীরও তাঁদের প্রতি যথার্থ টান হয়।"

৭ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেমন মাতৃগর্ভস্থ সন্তান মাকে যে পদাঘাত করে, তার জন্য মা তার অপরাধ গ্রহণ করেন না, বরং সযত্নে গর্ভে তাকে ধারণ করেন, তদ্রূপ আমরাও তাঁর গর্ভস্থ সন্তান-সদৃশ। সুতরাং আমরা যত কিছু অপরাধ করি না কেন, তা তিনি ক্ষমাই করেন।"

৮ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে ঐ আদেশ পালন করে, তারপক্ষে গুরুকৃপা খুব বেশী আসে, আর যে আদেশ পালন না করে, তার দুর্ভোগ আসে।"

৯ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারের মধ্যে থেকে কর্তব্য কর্ম সদ্ভাবে শাস্ত্রীয় বিধানমত করে গেলে, তাতে চিত্ত নির্মল হয়।"

১০ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীগুরুর কৃপা লাভ করে সংসারের কর্তব্য করে গেলে, তাতেই সব কিছু হবে। সংসারে থেকে কর্তব্য পালন করে গেলে তাতেই ভগবান প্রসন্ন হন।"

১১ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গৃহস্থ যদি গৃহস্থের কর্তব্য কর্মে অবহেলা করে ভগবৎ আরাধনা করতে যায়, তাহলে তার সেই আরাধনাতে ভগবান প্রসন্ন না হয়ে অপ্রসন্নই হন।"

১২ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কখনও সুখ আবার কখনও দুঃখ না এসে থাকতে পারে না। কিন্তু দুঃখ এলে যে শ্রীগুরু ও শ্রীভগবানকে ডাকতে পারে, সেই তাঁদের কৃপা লাভ করতে পারে।"

১৩ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুর আদেশ অক্ষরে অক্ষরে পালন করতে হয়। তিলকস্বরূপ না করে, ভক্তির সহিত, নিষ্ঠার সহিত ইষ্টমন্ত্র জপ করলেও তাতে ত্রুটি হয়।"

১৪ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যিনি শরীর, প্রাণ, বুদ্ধি, বস্ত্র বা বাসস্থান, কর্ম গুণ ও ধন গুরুর নিমিত্ত ধারণ করেন, তিনিই শিষ্য; অন্য কেহ নহে।"

১৫ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্ত্রে আছে—'সর্বদেবময়ো হরিঃ'। সমস্ত দেবতাই তোমার আরাধ্য দেবতার অঙ্গীভূত জানবে। শ্রীশ্রীশিবজী হচ্ছেন পরম বৈষ্ণব, তাঁর পূজা করা মঙ্গলজনক।"

১৬ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গৃহস্থাশ্রমে থেকে স্ত্রী-পুত্রাদির ভরণপোষণাদি সংসারের কাজ না করলে, কর্তব্যের ত্রুটি হয়। গৃহস্থের পক্ষে মহানির্বাণ (মোক্ষ) লাভ করা সহজ নয়।"

১৭ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তিপথের সাধনই সহজ, তাতে আরামের সহিত অগ্রসর হওয়া যায়। প্রাণায়ামের পথে অনেক বিঘ্ন উপস্থিত হয়।"

১৮ই আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিনি যে পরম দয়াল! তিনি তাঁর আশ্রিতের সব অপরাধ ক্ষমা করে, তাঁর নামে ও সেবাতে তার নিষ্ঠারই বৃদ্ধি করেন।"

১৯শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুদেব দেহ রাখলেও কোনও ক্ষতি নেই, গুরু আর ভগবান একই; কোনও ভেদ নেই। তিনি দেহ রাখলেও সর্বদাই ভগবদ্রূপে সঙ্গে আছেন। তাঁর উপদেশ মত কাজ করে যান, তাহলেই সব হবে।"

২০শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানের উপর সব ছেড়ে দিতে অভ্যাস করুন। তাহ'লে সাধনের চরম অবস্থা স্বতঃই লাভ হবে। আত্মসমর্পণই সর্বশ্রেষ্ঠ দান।"

২১শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"আমাদের সমস্ত মলিনতা ধুয়ে নির্মল করবার জন্য তিনি দণ্ড বিধান করেন। অতএব আমরা যাকে দোষ বলি, পরিণামে তার দ্বারা কল্যাণই হয়।"

২২শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাঁরা তপস্যার দ্বারা ভগবদ্দর্শন করতে পেরেছেন—সর্বঘটে ভগবদ্দর্শন করতে পেরেছেন, তাঁদের কাছে মৃত্যুই নেই, তাঁরা অমর হয়ে যান।"

২৩শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীগুরু যাঁর মোহ কাটাবার ইচ্ছা করেন, তাঁর যাঁর প্রতি মোহ অত্যন্ত অধিক, তাঁর সম্বন্ধেই এমন একটা কিছু ঘটান, যাতে তিনি খুবই আঘাত পান, অশান্তি ভোগ করেন।"

২৪শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বদ্ধজীবরে মৃত্যু ভয়েরই। কারণ ওদের পুনঃপুনঃ জন্মগ্রহণ ও মৃত্যু যন্ত্রণা ভোগ করতে হয় বলেই, তা ভয়ের হয়।"

২৫শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে জীবরূপ অঙ্গের দ্বারা যে কর্ম তিনি (ঈশ্বর) করেন, সেই অঙ্গে সেই কর্মের ফলভোগ হয়। সেই ভোগের দ্বারা তিনি সেই অঙ্গকে শুদ্ধ করেন। এইভাবেই জগতের কার্য চলেছে।"

২৬শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সদ্‌গুরুর শিষ্য ঠিকমত কাজ করলেও সকল শিষ্যেরই একই নির্দিষ্ট সময়ে উপলব্ধি হয় না। আধার ভেদে কম বেশী সময় লাগে।"

২৭শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনকে দৃঢ় করবে। সংসারে নানা প্রকৃতির লোক আছে—পরিবারের সকলের কথা যদি শুনতে হয় তাহলে কর্তব্য পালন করা যায় না। কর্তব্য যা বুঝবে, তার বিরুদ্ধে কেউ কিছু বললেও তাতে কর্ণপাত করবে না।"

২৮শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রাদ্ধাদি ক্রিয়া বেদবিহিত ক্রিয়া এবং তারও একটা ফল আছে। শ্রাদ্ধাদি ক্রিয়া ঠিকভাবে শাস্ত্রোক্ত বিধিতে অনুষ্ঠান করলে মৃতব্যক্তির আত্মার দুষ্কৃতি বা পাপ কিছুটা ক্ষয় হয়।"

২৯শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যদিও মৃত ব্যক্তি তাঁর কর্মানুসারে গতি ও ফল লাভ করে- এ সত্য, তবুও এও সত্য যে শ্রাদ্ধাদি কর্মের দ্বারা মৃত ব্যক্তির আত্মার তৃপ্তি লাভ হয় এবং তাঁর উপকারও হয়।"

৩০শে আশ্বিন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনকে বেশী নরম করলে চলবে না; দৃঢ়তার সঙ্গে কিছুকাল চললে, তোমার দৃঢ়তা দেখে, তোমাকে সকলে.......বিরক্ত করবে না।"

১লা কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে মনে করে দুঃখ বিপদ ইত্যাদি মোটেই আসবে না, তবেই সে সুখী হবে বা শান্তি লাভ করবে, সে কখনও সুখ বা শান্তি লাভ করতে পারবে না। কারণ দেহ থাকতে দুঃখ বিপদ ইত্যাদি আসবে না, তা হতেই পারে না।"

২রা কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভাগবতে বর্নিত আছে যে, দোষ দর্শনই দোষ সমদর্শনই গুণ। এই কারণে যা দোষ বলে মনে হয়, তা সমস্তই ভগবল্লীলা। ভগবানই নানা রূপে নানা ভাবে লীলা করছেন, এইরূপ দেখবার সাধন আমাদের করতে হবে।"

৩রা কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্তুতি নিন্দা, মান অপমান, সুখ দুখঃ, লাভ অলাভ ইত্যাদিতে সমবুদ্ধি ত সহজে হয় না। তার জন্য কঠোর সাধন করতে হবে।"

৪ঠা কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভ্রূক্ষেপ না করে সবই ভগবচ্চরণে অর্পণ করার অভ্যাস করতে হয়। যে সুখ দুঃখ ইত্যাদি সর্ব অবস্থাই শান্ত ও ধীরভাবে গ্রহণ করতে পারে, সেই যথার্থ শান্তি লাভ করতে পারে।"

৫ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিনিও আপনার হৃদয়েই রয়েছেন। তিনি সব জানতেন এবং যা কিছু কাতরভাবে জানাবেন, তা তিনি জানবেন।"

৬ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্রহ্ম যে অনন্ত নামরূপে প্রকাশিত হইয়াছেন এবং যাহার প্রত্যেক অংশে তিনি ভোক্তা জীবরূপে প্রবিষ্ট হইয়াছেন, তাহারই নাম জগৎ।"

৭ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

“ঘটে ঘটে ভগবানকে দেখতে অভ্যাস করলে এবং ভগবদ্বুদ্ধিতে সকলের সেবা করতে অভ্যাস করলে, শীঘ্র রিপু বশীভূত হয়।”

৮ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জিজ্ঞাসুর জিজ্ঞাসা যদি ঐকান্তিক হয়, তবে তদ্বিষয়ে জ্ঞানলাভের তিনিই যথার্থ অধিকারী।"

৯ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্রাহ্মণগণ উপবাসব্রত, পুণ্যকর্ম, সন্ধ্যা, দেবার্চনা, জপ, হোম ও দান-এই সমস্ত দ্বারা সকল অবস্থাতেই শুদ্ধিলাভ করিয়া থাকেন।"

১০ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনুষ্যজীবনের চরম লক্ষ্য আত্মজ্ঞান লাভ বা ঈশ্বরানুভূতি। সেই লক্ষ্যে পৌঁছানোর জন্য জন্ম হইতে মৃত্যু পর্যন্ত সকল কার্য ও আচরণই শাস্ত্রসম্মতভাবে করিতে হইবে।"

১১ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তিযোগের পথে আনন্দ অধিক। ইহা সরল, প্রথম থেকেই আনন্দ কিছু কিছু পাওয়া যায়।"

১২ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিষয়ে বৈরাগ্যবান মুমুক্ষুই অর্থাৎ মোক্ষলাভার্থী পুরুষই ব্রহ্মবিদ্যা লাভের আধিকারী।"

১৩ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কোন ও কিছুর যথার্থতত্ত্ব জানিবার ইচ্ছা বা জিজ্ঞাসার উদয় হইলে সেই জিজ্ঞাসার যথাযথ উত্তর যাঁহার নিকট হইতে পাওয়া যায়। তিনিই গুরু।"

১৪ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কামনাপূরণের আশায় যে ধন সঞ্চিত করা হয়। তাহা উপভোগ করা নিতান্ত সুকঠিন; কারণ মৃত্যু কাহারও কামনা পূরণের সময়ের প্রতীক্ষা করে না; এইজন্য জ্ঞানী পুরুষগণ ঐরূপ সঞ্চয়ের প্রশংসা করেন না।"

১৫ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কল্যাণার্থী ব্যক্তির দীক্ষা গ্রহণ করা অবশ্য কর্তব্য। কিন্তু বৈষ্ণব দীক্ষা গ্রহণ করিলে তুলসীর মাল্য ধারণ; তিলক ধারণ করিতে হয় এবং মাংস, পিঁয়াজ, ডিম, মদ্য ইত্যাদি ভক্ষণ বর্জন করিতে হয়।"

১৬ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবৎ নামের শক্তি আছে, তা জপ করলে বৃথা যাবে না। ভক্তি ও নিষ্ঠার সহিত জপ করলে, তোমার অন্তর ক্রমশঃ শান্ত থাকবে, মনের চাঞ্চল্য দূর হ'তে থাকবে।"

১৭ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাহাদের গুরুতে, জপ্যমন্ত্রে ও পরমাত্মা বিষ্ণুতে ভক্তি নাই, তাহাদের বাক্য সদা পরিবর্জন করিবে।"

১৮ই কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যদি অন্তরে বৈরাগ্যের ভাব না থাকে, তাহলে যতই চেষ্টা কর না কেন, কোনও রকমে বিষয়ের প্রতি আসক্তি দূর হবে না সুতরাং ভগবানের প্রতিও অনুরাগ হবে না।"

১৯শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ঈশ্বর মায়াশক্তির আশ্রয় ও নিয়ন্তা। ঈশ্বর সর্ববিধরূপের সমগ্রভাবে যুগপৎ দ্রষ্টা (জ্ঞাতা) হওয়াতে তাঁহাকে সর্বজ্ঞ বলা হয়।"

২০শে কার্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অধর্মের দ্বারা লোকে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে, নানারূপ অভীষ্ট লাভ করিয়া থাকে। শত্রুদিগকেও জয় করে। কিন্তু শেষে অধর্মকর্তা একেবারেই উন্মূলিত হয়।"

২১শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কলিযুগে একটা মস্ত ভরাসার কথা এই যে, এই কলিযুগে কেবল শ্রীহরির নাম ও গুণের স্মরণ, মনন, কীর্তনেই সমস্ত পাপ দূর হয়ে যায় ও পরাগতি পর্যন্ত প্রাপ্ত হতে পারে।"

২২শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সমস্তই তাঁর (ঈশ্বরের) অঙ্গ; তিনি নিজের এই সমস্ত অঙ্গের যেটিকে যেভাবে চালান প্রয়োজন বোধ করেন তদ্রূপ ভাবেই চালান। ভাল মন্দ প্রত্যেকটি কর্মের দ্বারা জগতের কল্যাণ হয়।"

২৩শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নাম জপ করলে বহুপ্রকার অনর্থ দুরীভূত হয় সত্য, কিন্তু প্রারব্ধের ভোগ যায় না, তবে প্রারব্ধের লাঘব হ'তে পারে। যে কর্মের ফল ভোগের জন্য এ দেহটা গঠিত হয়েছে তাকে প্রারব্ধ বলে।"

২৪শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পিতা ও মাতা কখনও তোমাদের ইচ্ছার বিরুদ্ধে বললে, তা আশীর্বাদ রূপে গ্রহণ করতে হবে। তাতে কখনও অসন্তুষ্ট হবে না।"

২৫শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বক্তৃতা দ্বারা মেধা শক্তি দ্বারা ও বহু শাস্ত্র শ্রবণ বা অধ্যয়নাদি দ্বারা তাঁকে লাভ করা যায় না। কেবল ভগবদ্‌রূপী সদগুরু দ্বারা যিনি শ্রী ভগবানে সমর্পিত হন, তিনিই তাঁকে লাভ করতে পারেন।"

২৬শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যহ নিয়মিত একই সংখ্যায় জপ করলেই মন্ত্রের সিদ্ধি হয়। এবং সেই মন্ত্র জপের ফলে ভগবৎ দর্শন লাভ হয়। জপের সংখ্যা না রেখে অনিয়মিত ভাবে জপ করলে, তা হয় না। পুরশ্চরণেও তাই বিধি।"

২৭শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দীক্ষালাভের পর সাধন দ্বারা যে গতি লাভ হয়, সেই গতি নামসাধন দ্বারা হয় না। এজন্য নাম প্রাপ্ত হ'য়ে, তার সাধন করতে থাকলে, পরে দীক্ষা লওয়ার প্রয়োজন আছে।"

২৮শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মহাপুরুষকে চেনা কঠিন। তাঁর বাহ্যিক ব্যবহার বা লক্ষণ দেখে তাঁকে চেনা যায় না। তিনি কৃপা করে যদি নিজে ধরা দেন, তবেই তাঁকে চেনা সম্ভব। তাঁর কার্যপ্রণালী দেখে তাঁকে চেনা যায় না।"

২৯শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বৈষ্ণবের পক্ষেও অন্য দেবদেবীর স্তব পাঠ করায় বাধা নেই, আর তা না করলেও কোন ক্ষতি হয় না। তোমার যদি অন্যান্য দেবদেবীর স্তব পাঠ করতে ভাল লাগে, তাহলে পাঠ করতে পার। কারণ সমস্ত দেবদেবীই ও ভগবান বিষ্ণুর প্রকাশিত রূপ।"

৩০শে কার্ত্তিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাধনভজনে নিষ্ঠা আর আকর্ষণ ধীরে ধীরে অভ্যাসের দ্বারাই বৃদ্ধি পায়। সর্বপ্রথম গুরুবাক্যে দৃঢ় বিশ্বাস রেখে, নির্বিচারে তাঁর উপদেশমত চলতে হয়; তাহলেই ক্রমশঃ রাস্তা পরিষ্কার হয় ও অনুভব আসতে থাকে।"

১লা অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিয়মিত জপ কোনও দিন অনিবার্য কারণে না করতে পারলে তা পূরণ ক'রে পুনরায় দৈনন্দিন নিয়মে জপ করতে হয়।"

২রা অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যোগমার্গে যে ষটচক্র ভেদ করে কুণ্ডলিনী শক্তিকে সহস্রার পর্যন্ত নিয়ে যাওয়া হয়, কেবল ভগবানের নাম জপের দ্বারাও সেই কাজ হয়ে যায়। তাতে এত পরিশ্রমও করতে হয় না।"

৩রা অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্ত্র বাক্যে অনুসারে পিতামাতাকে অন্তরের সঙ্গে ভক্তি করবে, তাঁদের আদেশ পালন করবে। তাঁদের প্রাণে দুঃখ হয় এমন ব্যবহার কখনও করবে না। এইভাবে চললে তোমরা সুখী হবে।"

৪ঠা অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নামে রুচি না থাকলে, আনন্দ না পেলে, তখন নাম করার জন্য বসে থাকতে ইচ্ছা হয় না। কিন্তু এ অবস্থা আসে বলে হতাশ হতে নেই। সেই অবস্থাতেও নিয়মিত রূপে আসনে বলে জপ করে যেতে হয়।"

৫ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাঁরা প্রত্যহ এক নিয়মে আসনে বসে জপ করার অভ্যাস করেন, তাঁদের ক্রমশঃ আসনে না বসার ইচ্ছা দূর হয়ে যায়।

৬ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্রহ্মের সহিত অভেদ বুদ্ধি হলে, তাঁর মধ্যে ব্রহ্মাশক্তির প্রকাশ হয়। তিনি ইচ্ছা করলে বহু শরীর ধারণ করতে পারেন।"

৭ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যিনি সৎচিন্তা সদালোচনা এবং সদাচারের বৃদ্ধি করতে করতে সৎসংস্কারকে প্রবল করতে পারেন, তাঁর মনে বা শরীরে কুচিন্তা বা কুকথার আলোচনা সেরূপ সহজে বিকার বা পরিবর্তন করতে পারে না।"

৮ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মৃত ব্যক্তির আত্মার তৃপ্তির জন্য সাধুভজন বা বৈষ্ণব ভোজন করালে সেই সাধু ও বৈষ্ণবগণের আশীর্বাদে মৃত ব্যক্তির আত্মার কল্যাণ হয় এবং সেই সাধু ও বৈষ্ণবগণের সেবায় তাঁর আত্মাও তৃপ্তিলাভ করে।"

৯ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভাবই হ'ল প্রধান, যদি উচ্চারণ ঠিক না হয়, বা অর্থ বুঝতে না পার, তাতে কোন ক্ষতি নেই। বেশ ভাবের সঙ্গে ভগবানের ধ্যান করতে করতে পাঠ করবে তাহলেই ভগবান প্রসন্ন হবেন— পাঠ করা সার্থক হবে।"

১০ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীকৃষ্ণে ভগবানের পূর্ণ শক্তি প্রকাশিত ছিল, অর্থাৎ অন্যান্য অবতারের যেমন শক্তির সঙ্কোচ ছিল, তদ্রূপ তাঁতে শক্তির সঙ্কোচ ছিল না। শ্রীকৃষ্ণের মধ্যে পূর্ণরূপে সর্বজ্ঞত্ব, সর্বশক্তিমত্তা ইত্যাদি সব গুণই প্রকাশিত ছিল।"

১১ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ইন্দ্রিয়গণকে বশে রেখে গৃহস্থ ধর্ম পালন করেতে হয়। যিনি ইন্দ্রিয়গণকে বশে রাখতে পারেন না, তাঁকে গার্হস্থ্যধর্ম পালনের অযোগ্য বলে শাস্ত্র উপদেশ করেছেন।"

১২ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্ত্রবিহিত কর্মই ধর্ম। বিহিত কর্মও দুইপ্রকার-একপ্রকার কর্মের দ্বারা সাংসারিক উন্নতি হয়, আর একপ্রকার কর্মের দ্বরা সাংসারিক বন্ধন কেটে গিয়ে মুক্তি লাভ হয়।"

১৩ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত কিছু উপদেশ শুনা থাক না কেন, চিত্ত যে পর্যন্ত সাধন দ্বারা নির্মল না হবে, সেই পর্যন্ত সংশয় যাবে না এবং উপদেশাবলীও কার্যকরী হবে না।"

১৪ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিশ্বব্রহ্মাণ্ড তাঁর ইচ্ছাতেই চালিত হচ্ছে, তা ঠিক হলেও পাপ-পুণ্য ভেদ আছে। তিনি জীবের দ্বারা সৎ কর্ম করান এবং ফল পুণ্য হয়, আবার তিনি অসৎ কর্ম করান, তার ফলে পাপ হয়।"

১৫ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রুতি ও বেদান্তের সিদ্ধান্ত এই যে, জীব ঈশ্বরের সম্পূর্ণ অধীন, তার স্বতন্ত্র কর্তৃত্ব নেই, অবিদ্যা হেতু সে নিজেকে স্বতন্ত্র কর্তা মনে করে।"

১৬ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান বলে, যে কোন ভাবেই হোক, তাঁর অনবরত চিন্তন হলেই, অন্তরের সমস্ত মলিনতা দূর হয়ে বিশুদ্ধাবস্থা প্রাপ্ত হয়।"

১৭ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে ছেলে মাতৃপিতৃভক্ত হয়, তার জীবন সুখময় হয়, জীবনে খুব উন্নতি করতে পারে। মা বাবার আদেশ মত চলবে, তাঁদের সেবা করবে। এজন্য শ্রুতি বলেছেন "মাতৃদেবোভব," পিতৃদেবোভব" ইত্যাদি।"

১৮ই অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবদ্ভক্তের পক্ষে কোন আশঙ্কা না রেখে, তাঁর উপর ছেড়ে দিতে অভ্যাস করা ভাল। তিনি আনন্দে রাখুন নিরানন্দে রাখুন, সম্পদে রাখুন বিপদে রাখুন—সর্বাবস্থাতেই ভক্ত সন্তুষ্ট থাকবেন।"

১৯শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পতিতে প্রাণ প্রতিষ্ঠার প্রয়োজন হয় না, পতি জীবন্ত প্রাণময় ভগবন্মূর্তি। সুতরাং স্ত্রী পতিকে ভগবান জ্ঞান করে উপসনা করলে, এই পতির মধ্যেই ভগবানের দর্শন নিশ্চয়ই হতে পারে।"

২০শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেহাত্মবোধই ত বন্ধন ও সর্বপ্রকার দুঃখ ও অশান্তির কারণ। তার ত্যাগেই বন্ধন হতে মুক্তি লাভ হয়; সুতরাং যথার্থ সুখ ও শান্তি লাভ হয়।"

২১শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাঁদের বিষয় ভোগে কিছুমাত্র আসক্তি নেই, যাঁরা যথার্থ বৈরাগ্য লাভ করেছেন ও ভগবদুপাসনা পরায়ণ, তাঁদের মৃত্যুর পর সাধারণতঃ এই পৃথিবীতে আর ফিরে আসতে হয় না।"

২২শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মোহবশতঃ যে সেবা করা হয়, তদপেক্ষা নিষ্কামভাবে যে সেবা করা হয়, সেই সেবাই শ্রেষ্ঠ ধর্ম বলা যেতে পারে।"

২৩শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অনশনে দেহত্যাগও তপস্যার বা সমাধির দ্বারা দেহত্যাগের তুল্য। সুতরাং শ্রীভগবানের নাম নিতে যদি অনশনে দেহত্যাগ হয়, তাহলে মুক্তি লাভ করবেন।"

২৪শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ইহা নিশ্চিত জানিবে যে শ্রীশ্রীসদ্‌গুরু সর্বদাই তোমার কাছে থাকিয়া তোমার অন্তর বাহির, সমস্ত কার্যকলাপই দেখিতেছেন ও কল্যাণ বিধান করিতেছেন।"

২৫শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ব্যস্ততাতে ভগবানকে শীঘ্র লাভ করা যায় না। যাহার ভগবানের উপর বিশ্বাস ও নির্ভরতা কম সেই ব্যস্ত হয়।"

২৬শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাংসারিক পুরুষের প্রতি যে কান্তভাব আসক্তি বাড়িয়ে দিয়ে মানুষকে বদ্ধ করে, শ্রীকৃষ্ণের প্রতি সেই কান্তভাবই মানুষকে সর্বাবিধ বন্ধন হতে মুক্ত করে মোক্ষ প্রদান করে।"

২৭শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যা কিছু ঘটনা ঘটে সবই ভগবৎ প্রেরিত, আকস্মিক কিছু নয়। নিজের কর্মানুসারে ভগবদ্বিধানে ভোগও এসে থাকে।"

২৮শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরুর আশ্রয় প্রাপ্ত হইলে সঞ্চিত ও ক্রিয়মান কর্মই নষ্ট হয়, প্রারব্ধ কর্ম নষ্ট হয় না। ইহা শ্রুতি ও বেদান্ত দর্শনে স্পষ্টভাবে উপদিষ্ট হইয়াছে।"

২৯শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুর উপদেশ গ্রহণ করিয়া তাঁহার প্রদর্শিত পন্থাতে চিত্তকে শ্রীভগবানে নিবিষ্ট করাই বিক্ষিপ্ত চিত্তকে সংযত করিবার প্রধান উপায়।"

৩০শে অগ্রহায়ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দর্শনের জন্য ব্যস্ত হবে না—উপদেশ মত কাজ করতে করতে ক্রমশঃ চিত্ত নির্মল হতে থাকে। যখন চিত্ত সম্পূর্ণ নির্মল হয়, তখনই দর্শন মিলে, তার আগে নয়।"

১লা পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানে আত্মসমর্পণ করে চলতে অভ্যাস করবে, ব্যস্ত হবে না। তিনি যখন ইচ্ছা দর্শন দিবেন, সেজন্য চিন্তা করবে না। তাঁর উপর সব ছেড়ে দিতে অভ্যাস করবে।"

২রা পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মানুষ পূর্বজন্মার্জিত ফল ইহজন্মে ভোগ করিয়া থাকে। এই ভোগ তাহার কল্যাণের জন্যই হইয়া থাকে। ইহাতে বিচলিত হইতে নাই।"

৩রা পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শরীরাদিতে অহং বুদ্ধি হেতুই দুঃখ অসন্তোষাদি আসে। যাহার সমস্তই ভগবানে অর্পিত হইয়াছে সুতরাং অহং বুদ্ধি নাই তাহার আর দুঃখ অসন্তোষাদি কিসের?"

৪ঠা পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাহ্যিক ত্যাগের মূল্য যথেষ্ট আছে। বাহ্যিক ত্যাগের দ্বারা অন্তরেও ত্যাগের ছাপ পড়ে এবং ক্রমশঃ বিষয়ের প্রতি আসক্তি দূরীভূত হয়।"

৫ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অত্যন্ত দুরাচারী ঘোর পাপী ব্যক্তি যদি শ্রীভগবানের শরণাপন্ন হয়ে তাঁর ভজন করে, তাহলে তার সেই গুরুতর পাপ কেটে যায়।"

৬ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবান যে প্রত্যেক কার্যের নিয়ন্তা এবং তিনি নিজ ইচ্ছানুসারে উপযুক্ত সময়ে কার্য করেন, এ বিশ্বাস থাকিলে ব্যস্ত হইতে হয় না।"

৭ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে থাকিয়া স্ত্রীপুত্রাদিকে ভগবদ্রূপী জ্ঞান করিয়া ভগবদ্বুদ্ধিতে সেবা নির্লিপ্তভাবে করিয়া গেলে মনের মধ্যে অশান্তি আসিতে পারে না।"

৮ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানের কৃপা সকলের প্রতি থাকলেও, যিনি অহঙ্কার শূন্য হয়ে যথার্থ দীন হন, তাঁর প্রতি বিশেষরূপে কৃপা হয়।"

৯ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অতি অল্পে সন্তুষ্ট থাকিতে অভ্যাস করিলে ভগবান তাহাতে প্রসন্ন হইয়া জীবের সমস্ত অভাব স্বতঃই দূর করিয়া দেন।"

১০ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যিনি মনে করেন দুঃখ আসিবে না অথচ শান্তিলাভ করিব, তিনি কোনদিনই যথার্থ শান্তিলাভ করিতে পারেন না।"

১১ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কর্মফলের হাত হইতে কাহারও নিস্তার নাই। তবে যতই ধৈর্যের সঙ্গে সহ্য করা যায় ততই শ্রী ভগবান প্রসন্ন হইয়া থাকেন।"

১২ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চিত্তকে যত সংস্কারমুক্ত করিতে পারিবে ততই চিত্তবৃত্তিকে ভগবদভিমুখী করা সহজ হইবে।"

১৩ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অজ্ঞানই ভগবানে বিশ্বাস হারাইবার প্রধান কারণ। গুরুবাক্যে সম্পূর্ণ বিশ্বাস করিয়া সাধন করিতে করিতে এই অজ্ঞান যে পরিমাণে দূর হয় সেই পরিমাণে ভগবানে বিশ্বাস জন্মিতে থাকে।"

১৪ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেব-দেবীতে কোন ভেদ নাই, ভেদ সাধারণ লোকের কাছে। মা কালী পরমা বৈষ্ণবী এবং মহাদেব পরম বৈষ্ণব।"

১৫ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দুঃখের সময় মনকে প্রসন্ন রাখার সাধন করিয়া চিত্তকে স্থায়ীভাবে প্রসন্ন যে করিতে পারে, সেই যথার্থ শান্তি লাভ করিতে পারে এবং ইহাই যথার্থ শান্তি লাভের রাস্তা।"

১৬ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে পরিমানে সুখ দুঃখাদিরূপ কর্মফল ভোগ হইয়া যায়, সেই পরিমানে কর্মও ক্ষয় হইতে থাকে এবং চিত্তও নির্মল হইয়া ভগবৎ দর্শনের অধিকারী হয়।"

১৭ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অনিত্য বস্তুর প্রতি আসক্তি থাকাই দুঃখের মূল। অতএব আসক্তি পরিত্যাগ করিতে অভ্যাস করিতে থাকিলে যে পরিমান আসক্তি কমিবে, সেই পরিমানে দুঃখও কমিবে।"

১৮ই পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রী রাধাকৃষ্ণকেই পরমাত্মা পরব্রহ্ম বলিয়া জানিবে। তিনি সর্ব্বব্যাপী অদ্বৈত অখন্ড চিদানন্দ স্বরূপ হইয়াও ভক্তদের ধ্যানের সুবিধার জন্য সুচিন্ত্য বিগ্রহ ধারণ করিয়াছেন।"

১৯শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিজের মস্তকের উপর নিজ গুরুমূর্তির ধ্যান করিয়া প্রনাম করিবে; পরে দুই ভ্রূর মাঝখানে (যেখানে বিন্দু দেওয়া হয়) সেখানে শ্রীশ্রী রাধাকৃষ্ণ যুগল মূর্তির ধ্যান করিয়া প্রনাম করিবে।"

২০শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরু ও ভগবান অভিন্ন, তাঁহাদের মধ্যে ভেদ নাই। তুমি তাঁহার উপর সম্পূর্ণরূপে নির্ভর করিয়া সর্বদা সর্বাবস্থায় নিশ্চিন্ত ও নির্ভর থাকিতে অভ্যাস করিবে।"

২১শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশ্রীসদ্‌গুরুর আশ্রয় লাভ করিলেও, এমনকি ব্রহ্মজ্ঞ হইলেও, যে পর্যন্ত দেহ বর্তমান থাকে। সেই পর্যন্ত প্রারব্ধ ভোগ হইয়া থাকে।"

২২শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শান্তি, অশান্তি জীবনে মধ্যে মধ্যে আসিবেই, তাহা অবিচলিতভাবে ভোগ করিয়া যাওয়াই ভাল। দোষ দর্শনাদি বিলুপ্ত হইয়া চিত্ত সম্পূর্ণ নির্মল হইবার পূর্বে স্থায়ী শান্তিলাভ হয় না।"

২৩শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভ্রূদ্বয়ের মধ্যে শ্রীশ্রীরাধাকৃষ্ণের ধ্যানের সহিত ব্যাপক ব্রহ্মের ধ্যান করিতে থাকিলে তাহার দ্বারাই কুণ্ডলিনী শক্তি ধীরে ধীরে ঊর্ধ্বগামী হয়।"

২৪শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাসনা আকাঙ্ক্ষাই দুঃখ অশান্তির মূল। যে অতি গরীব সেও যদি বাসনা আকাঙ্ক্ষা ত্যাগ করিতে পারে তাহা হইলে প্রায়শই অনাহারে থাকিলেও সে শান্তিতে ও সুখে থাকে।"

২৫শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিপদের সময় শ্রীভগবানের উপর নির্ভর করিয়া বেশ শান্তিতে ধৈর্য ধারণ সহকারে অবস্থান করিয়া কর্তব্যপালন করিবার চেষ্টা করিলে সহজে বিপদ কাটিয়া যায়।"

২৬শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভ্রূদ্বয়ের মধ্যস্থলেই শ্রীশ্রী রাধাকৃষ্ণের চরণ ধ্যান করিবে। ঐ স্থানে দ্বিদল পদ্ম আছে। ঐ পদ্মের উপর ইষ্টকে দন্ডায়মান অবস্থায় ধ্যান করিবে।"

২৭শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সব অবস্থাই ভগবদ্দত্ত জ্ঞানে গ্রহণ করিয়া সর্বদা চিত্তকে প্রসন্ন রাখিতে অভ্যাস যিনি করেন এবং গুরুপদিষ্ট মার্গে চলিতে থাকেন, তিনি খুব শীঘ্র শীঘ্র সাধন পথে অগ্রসর হয়েন।"

২৮শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দুঃখ বিপদ মানুষকে গড়িয়া তোলে। তাহাতে মানুষের কল্যাণ হয়। দুঃখ বিপদ না আসিলে মানুষ সর্বদাই অহঙ্কারে মত্ত থাকিত।"

২৯শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যথার্থই তোমার অন্তর যখন প্রার্থনাপ্রবন হইয়া তাঁহার কৃপালাভের জন্য উন্মুখ হইবে, তখনই তাঁহার অজস্র কৃপা পাইবে এবং তাহা স্বতঃই অনুভব করিবে।"

৩০শে পৌষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চক্ষু মুদ্রিত করিয়া ধ্যান করিতে করিতে ভজন করিলে মন সহজে স্থির হয়; এই জন্য ধ্যান করিয়া ভজন করার নিয়ম। বাহিরে দৃষ্টি রাখিয়া ভজন করিলে অধিকাংশ লোকেরই মন স্থির করার অসুবিধা হয়।"

১লা মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পদস্খলনের জন্য মন খারাপ না করিয়া সাধন পথে অগ্রসর হইতে থাক। সাধক মাত্রকেই বহু প্রলোভন অতিক্রম করিতে হয়।"

২রা মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাহ্য দুঃখকষ্টকে তাঁহারই দান জ্ঞানে প্রসন্ন চিত্তে গ্রহণ করিতে অভ্যাস কর, তাহা হইলে ভগবান স্বয়ং তোমার প্রতি প্রসন্ন হইয়া তোমার অন্তরকে ক্রমশঃ মধুময় করিয়া দিতে থাকিবেন।"

৩রা মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তিনি সর্বব্যাপী হওয়ায় সর্বদাই তোমার সঙ্গে সঙ্গে আছেন।"

৪ঠা মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাহ্য নিন্দাস্তুতি মান অপমান অগ্রাহ্য করিয়া নিশ্চলভাবে গুরু উপদেশ অনুসারে ভজন করিয়া যাও, কল্যাণ লাভ হইবে।"

৫ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনের চঞ্চলতা ত আছেই। বহুজন্মের কর্ম সংস্কারবশে উহা জন্মিয়াছে। ভজন করিতে করিতে ক্রমশঃ উহা যাইবে, সহসা তাহা চলিয়া যায় না। এজন্য ব্যস্ত হইলে চলিবে না।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরমাত্মা সর্বরূপী ও অদ্বৈত হওয়ায় তিনি ভিন্ন কিছু নাই। সর্বজ্ঞ হওয়ায় তোমার প্রার্থনা সমস্তই জানিতেছেন এবং সর্বশক্তিমান হওয়ায় তোমার প্রার্থনা সমস্ত পূর্ণ করিতে সমর্থ, ইহা নিশ্চিত জানিয়া ব্যাপক ব্রহ্মের ধ্যান করিতে অভ্যাস করিবে।”

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যুগলমূর্তি ধ্যানের সঙ্গে সর্বব্যাপী ব্রহ্মের চিন্তা করিয়া নিজেকেও তাঁহার অঙ্গীভূত জ্ঞান করিতে হয়, শ্রীশ্রী রাধাকৃষ্ণের মূর্তিও সেই সর্বব্যাপী ব্রহ্মের অঙ্গীভূত রূপে প্রকাশিত।"

৮ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জপ ধ্যান সম্বন্ধে তোমার কাজের অবস্থা অনুসারে যেটুকু পার, সেইটুকুই করিবে। নিজে ইচ্ছা করিয়া সময় নষ্ট না করিলেই হইল। কাজ কর্ম করার সময়ও মনে মনে জপ করিতে অভ্যাস করিবে।"

৯ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিলকে শরীর পবিত্র থাকে এবং কবচের মত সর্বদা শরীরকে রক্ষা করে। ইহা ভগবানকে লাভের নিশ্চয়ই সহায়ক। ইহাতে অহঙ্কার না হইয়া বরং অহঙ্কার নষ্ট হয়।"

১০ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জপে মন না বসিলেও জোর করিয়া নিয়মিত দুইবেলা আসনে বসিয়া ভজন করিবে। তাহাতে নিষ্ঠা হইবে এবং নিষ্ঠা হইলেই আপনা হইতেই ভজন করিতে ইচ্ছা হইবে; না করিলে ভাল লাগিবে না।"

১১ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে পরিমানে গুরুবাক্যের উপর বিশ্বাস করিয়া উপদেশানুসারে নিষ্ঠার সহিত ভজন করিতে থাকিবে, সেই পরিমানে চিত্তের সংস্কার দূরীভূত হইতে থাকিবে এবং সেই পরিমানে মনও স্থির হইতে থাকিবে।"

১২ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিনি সর্বত্র পূর্ণরূপে আছেন। ইষ্টমন্ত্র জপ সহকারে তাঁহাতে আত্মসমর্পণ করিতে অভ্যাস করিলে ক্রমশঃ তাহা বুঝিতে পারা যায়।"

১৩ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ধ্যান ও জপ তোমার সময় অনুসারে করিবে। জপের সংখ্যা প্রত্যহ একরূপ হওয়া চাই, কম না হয়। কোন দিন অধিক সময় পাইলে অধিক জপ করিতে পার তাহাতে বাধা নাই।"

১৪ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তুমি যে নাম পাইয়াছ তাহাই উপদেশমত নিষ্ঠার সহিত নিয়মিতরূপে জপ করিয়া যাও, আর জপের সময় কাতর প্রাণে তোমার শরীর, মন, প্রান, আত্মা শ্রীভগবানে অর্পন করিতে অভ্যাস কর।"

১৫ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেরূপভাবে ভজন করিতে বলিয়াছি দৃঢ়চিত্তে শান্তমনে নিষ্ঠার সহিত সেইরূপ করিতে থাকিলে ধীরে ধীরে মনের ময়লা পরিষ্কার হইতে থাকিবে। অনন্ত জন্মের সংস্কার একদিনে দূর হয় না।"

১৬ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ধীরে ধীরে প্রসন্ন চিত্তে সাধন করিতে হয়। প্রত্যেকের হৃদয়ে তিনি আছেন, ইহা মিথ্যা নয়, ইহা সত্যই। কিন্তু চিত্ত কলুষিত থাকায় তাঁহাকে দেখা যায় না।"

১৭ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"চলাফেরার সময় জপ কর, ইহা ভালই; কিন্তু আসনে বসিয়াও কিছু সময় জপ করা অবশ্য দরকার। ইহারই মধ্যে একটু সময় করিয়াই লইতে হয়।"

১৮ই মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বহুজন্মের সংস্কারের দ্বারা চিত্ত কলুষিত হইয়া আছে, ভজন করিতে করিতে সেই সংস্কারের ময়লা দূরীভূত হইয়া বিশ্বাস গাঢ় হইতে থাকিবে। ব্যস্ত হইও না।"

১৯শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে কোন বাধাবিঘ্ন আসে ভগবৎ প্রেরিত জ্ঞান করিয়া প্রসন্ন চিত্তে গ্রহণ করিতে অভ্যাস করিবে। তাহা হইলেই দেখিবে তোমার ভজনের কাজ হইয়া যাইবে এবং মনে শান্তি আসিবে।"

২০শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত শ্রীগুরুর উপদেশমত চলিতে থাকিবে ততই তাঁহার কৃপা অনুভবের মধ্যে আসিতে থাকিবে। অতএব তুমি শ্রীগুরুর উপদেশ মত চলিতে চেষ্টা করিবে।"

২১শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তুমি চেষ্টা করিয়াও আসনে বসিবার সময় করিতে পার না বলিয়া দুঃখ করিবে না। শ্রীভগবান তোমার অবস্থা দেখিতেছেন। বৃদ্ধ শ্বশুর, স্বামী ও রুগ্ন ছেলের সেবাও ভগবৎ সেবারই অঙ্গ।"

২২শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্থির চিত্তে ভজন করিতে অভ্যাস কর, শ্রীভগবৎ কৃপায় কল্যাণ লাভ হইবে। যিনি যত ব্যস্ত হইবেন, তাঁহার তত বিলম্ব হইয়া যাইবে।"

২৩শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত সংস্কারমুক্ত হইয়া চিত্ত নির্মল হইতে থাকিবে, ততই ক্ষুদ্র অহংভাব দূর হইয়া ব্যাপক ব্রহ্মবুদ্ধি আসিতে থাকিবে। ইহা ভজন করিতে করিতে ধীরে ধীরে আসে। ব্যস্ত হইতে নাই।"

২৪শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিষ্ঠাপূর্বক নিয়মমত জোর করিয়া সকালে বিকালে দুই ঘন্টা অবশ্য ভজনে বসিতে চেষ্টা করিবে। কিছুদিন জোর করিয়া বসিতে থাকিলে পরে দেখিবে আপনা হইতে ভজনে ইচ্ছা হইবে। না বসিলে ভাল লাগিবে না।"

২৫শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"উপদেশানুযায়ী দুইবেলা নিয়মিত ভজন করিবে এবং ক্রমশঃ নামের সংখ্যা সম্ভব হইলে কিছু কিছু বাড়াইতে চেষ্টা করিবে। অন্য সময় যথাশক্তি মনে মনে নাম করিতে চেষ্টা করিবে।"

২৬শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুদত্ত মন্ত্র জপ করিলেই তোমার সব হইবে। ইষ্টদেব ও দেবী ভগবানেরই রূপ। সাক্ষাৎ ভগবানই।"

২৭শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের দর্শন সত্যই পাওয়া যায়। কিন্তু চিত্ত নির্মল না হইলে তাঁহার দর্শন পাওয়া যায় না। কামক্রোধাদি রিপু বশীভূত ও সর্বপ্রকার কামনা বাসনা রহিত হইলে তখন চিত্ত যথার্থ নির্মল হয়।"

২৮শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরু করিতে হইলে সব বিচার ছাড়িয়া দিয়া তবে শিষ্য হইতে হয়।"

২৯শে মাঘ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"স্ত্রী তোমার অর্দ্ধাঙ্গিনী, তাহাকে ক্লেশ দিলে তোমারও অন্তরে ক্লেশ স্বতঃই আসিবে; ভগবানও তাতে অপ্রসন্ন হন। সুতরাং তোমার স্ত্রী যাহাতে দুঃখ না পান তৎপ্রতি তুমি বিশেষ দৃষ্টি রাখিবে।"

১লা ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাহাতে কাম ক্রোধাদি বশীভূত হয় ও কামনা বাসনা রহিত হওয়া যায়, সেইজন্য গুরুদত্ত নাম ভক্তি ও নিষ্ঠার সহিত শান্ত-চিত্তে ইষ্টমন্ত্র জপ করিতে করিতে ইহার অভ্যাস করিতে হয়। ব্যস্ততায় কিছু হয় না।"

২রা ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যেমন প্রত্যহ জপ ও ধ্যান কর, পিতৃমাতৃ বিয়োগ জনিত অশৌচেও তদ্রুপই করিতে হয়।"

৩রা ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দেহ ধারণ করিয়া থাকা অবস্থায় সুখদুঃখাদি ও কামক্রোধাদি রিপুর প্রভাব হইতে একেবারে মুক্ত হওয়া যায় না।"

৪ঠা ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ইষ্টমন্ত্র স্মরণ করিয়া তোমার দেহমন পবিত্র করিতেছ এই ভাব মনে আসিলে দেহমন পবিত্র হইতে অবশ্যই পারে।"

৫ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নাম করিলে সংসারের দুঃখ সহ্য করিবার ক্ষমতা হয় এবং পরকালের মঙ্গল হয়—এইরূপ বিশ্বাস হইলে, নাম করিতে আপনা হইতে ইচ্ছা হইবে।"

৬ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সন্তান প্রসবের পর শুদ্ধ না হওয়া পর্যন্ত তিলক ও মালাতে জপ করিতে নাই, কেবল মনে মনে জপ ও ধ্যান করিবে। শুদ্ধ হওয়ার পর (স্নান করিয়া) তিলক ও মালা জপ করিতে পারিবে। তখন জাতকের কপালেও গোপীচন্দনের ফোঁটা দিতে বাধা নাই।"

৭ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুপূর্ণিমার দিন ভগবান গুরুরূপে জগতে প্রথম প্রকাশিত হইয়াছিলেন। ঐদিন গুরুর প্রতি একান্ত অনুগতভাব রাখিয়া বিশেষরূপে ভজন সাধন ও গুরুপরম্পরার উদ্দেশ্যে ভোগ দিতে হয় এবং সম্ভব হইলে গুরুভাইভগ্নী প্রভৃতি একত্রিত হইয়া প্রসাদ গ্রহণ করিতে হয় ও উৎসব করিতে হয়।"

৮ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তোমার সংশয় হইলেও সহস্র সহস্র মুনি ঋষি যাঁহাকে প্রত্যক্ষ করিয়া গিয়াছেন ও এখনও করিতেছেন তাঁহার অস্তিত্ব বিষয়ে সংশয় নিজেরই দোষের জন্য হইয়া থাকে।"

৯ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে একমাত্র ভগবদ্ ভজনই পরম সহায় হয়। মৃত্যু হইলে সেই সময় কেহ বা কোন কিছু সঙ্গে যাইবে না অথচ মৃত্যুও অবশ্যই হইবে। একমাত্র নামই তখন সহায় হইবে।"

১০ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানেরই সেবা করিতেছ মনে করিয়া প্রীতির সহিত সকলের সেবা করিয়া গেলে তদ্দ্বারাই তোমার ভগবৎ সেবা হইবে। এই জন্য মনে কোনও দুঃখ রাখিবে না। তবে কাজ করিতে করিতে মনে মনে ইষ্টমন্ত্র জপ করিতে অভ্যাস করিবে।"

১১ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংশয় হইলেও তিনি বাস্তবিকই আছেন এবং ইচ্ছা করিলে ভক্তের ক্লেশ মুহূর্তের মধ্যে দূর করিতে পারেন। কিন্তু তাঁহার ইচ্ছার উপর সব নির্ভর।"

১২ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভোগ না করিয়া উপায় নাই। তবে শ্রীভগবানের দয়ার উপর নির্ভর করিয়া যত প্রসন্ন মনে সহ্য করা যায়, ততই শীঘ্র ভোগের শেষ হয়। সুতরাং ইহাতে বিচলিত হইও না। ভগবৎ চরণে আত্মসমর্পন করিয়া যথাসাধ্য ভজন করিয়া যাও।"

১৩ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দীক্ষার সময়ই ত বলিয়া দিয়াছি যে, হাঁটিতে, বসিতে, খাইতে, শুইতে, কাজ করিতে সব সময় মনে মনে জপ করিবে। এইরূপ করিতে পারিলে তোমার সাধন ভজনও গৃহকর্মের সঙ্গে সঙ্গে হইয়া যাইবে।"

১৪ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বহু সুকৃতি বলে ইহজন্মে দুর্লভ মানব দেহ পাইয়াছ, এই দেহ দ্বারা যাহাতে শ্রীভগবৎ সেবাপূজা, নাম জপ ইত্যাদি করিতে পার, সেই দিকে মনোযোগী হইবে ও সর্বদা চেষ্টা করিবে।"

১৫ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ক্রোধ সাধনের পক্ষে বলবান প্রতিবন্ধক। ইহা যতক্ষণ অন্তরে থাকিবে, ততক্ষণ ঠিক ঠিক সাধন ভজন হইতে পারে না, বুদ্ধিকে বিবেকহীন করিয়া রাখে, অন্তরকে অশান্তিপূর্ণ (শুষ্ক) করিয়া দেয়; সুতরাং প্রসন্ন মনে ভজন কিরূপে সম্ভব হইতে পারে?"

১৮ই ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনুষ্য মাত্রেরই মধ্যে দোষত্রুটি কিছু থাকেই; নির্দোষ কেহই হয় না।"

১৯শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যখনই প্রণাম করা প্রয়োজন তখনই সাষ্টাঙ্গে প্রণাম করিতে হয়। সেই সময় শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগুরু প্রভৃতি সকলের নিকট গুরুভক্তি ও ভগবদ্ভক্তি প্রার্থনা করা ভাল।"

২২শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে জন্ম মৃত্যু ইত্যাদিকে স্বাভাবিক জানিয়া জ্ঞানীপুরুষ হর্ষশোকে অভিভূত হয়েন না। তাঁহারা ইহাকে ভগবল্লীলা বলিয়াই জ্ঞান করেন। বাস্তবিক ইহাই যথার্থ সত্য। তুমিও নিজের চিত্তকে এই সমস্ত অবস্থার অতীত রাখিতে চেষ্টা করিবে।"

২৩শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেকের মধ্যে সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণের কার্য হইয়া থাকে। সাধকের মধ্যেও এই তিন গুণের কার্য হয়। তবে ঐ তিন গুণের ক্রিয়া হইয়া গেলেও সাধকপুরুষ তাহাতে নির্লিপ্ত থাকিতে অভ্যাস করেন। তুমিও তদ্রূপ অভ্যাস করিবে।"

২৬শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তাঁহার অস্তিত্ব অনুভব করিয়া যিনি তাঁহাতে সম্পূর্ণ নির্ভর করিতে পারেন, অসহনীয় দুঃখের সময়ও শান্তির চ্যুতি তাঁহার হয় না।"

২৭শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রয়োজন স্থলে কঠোর হইতে এবং অন্যায়স্থলে প্রতিকার করিতে ত আমিই বলিয়াছি, তাহাও ত কর্তব্যের মধ্যে! অবস্থা বিবেচনা করিয়া কর্তব্য যাহা করিবার তাহা ত করিবেই।"

৩০শে ফাল্গুন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এই সংসার সুখের স্থান নয়, এখানে চিরদিন থাকা যে সুখকর তাহাও নহে। সুতরাং সে এই দুঃখময় সংসার ছাড়িয়া গিয়াছে বলিয়া কেন এত শোক করিতেছ? তুমি কি ইচ্ছা করিলে তাহাকে ধরিয়া রাখিতে পারিতে?"

১লা চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তিতেই ভগবান প্রসন্ন হ'ন। যে কোন মূর্তিতে ভগবান বুদ্ধিতে ভক্তি হইলে তাহাতেই অভীষ্ট সিদ্ধ হইতে পারে।"

২রা চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেকের মধ্যে সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিনটি গুণের কার্য হইয়া থাকে। সাধুদের মধ্যেও এই তিন গুণের কার্য হয়। তবে সাধকেরা ঐ গুণের ক্রিয়া হইয়া গেলেও তাহাতে নির্লিপ্ত থাকিতে অভ্যাস করেন।"

৩রা চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শাস্ত্রে উপদেশ আছে যে—যে বংশে একজন যথার্থ বৈষ্ণব হইয়াছেন তাঁহার উর্দ্ধতন সাত পুরুষ ও অধঃতন সাত পুরুষ উদ্ধার হইয়া যান।"

৪ঠা চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীভগবানের উপর অবিশ্বাস আনিতে নাই। তিনি নাই, থাকিলেও নির্দয়, তাঁহার কোন বিচার নাই, এরূপ মনে করিয়া বৃথা অন্তরকে কলুষিত করিয়া লাভ নাই। ইহাতে আরও অশান্তি বাড়িয়া যায়।"

৫ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মন্ত্রটি যে পরপর জপ হইতেছে তাহা মনে মনে শুনিয়া গেলে মন অন্য দিকে যাইতে পারে না। অন্য দিকে মন গেলে পরপর শুনা যাইবে না। এজন্য ঠিক পরপর জপ হইতেছে শুনিয়া গেলে মন তাহাতে লাগিয়া থাকে, ইহাতে দুর্ভাবনাও স্বতঃই দূর হইয়া যায়।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ঋণ কোনও প্রকারেই হইতে দিবে না, সেই দিকে বিশেষ দৃষ্টি রাখিবে। নিজেদের আহারাদির যদি কিছু কষ্ট হয়, তাহা করিয়াও ঋণ শোধ করিবে।"

৭ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিশ্বাসের সহিত তাঁহাকে যদি ধরিয়া রাখিতে পারা যায় ও কাতর প্রার্থনা করা যায়, তাহা হইলে সে প্রার্থনা নিশ্চয়ই তাঁহার কাছে পৌঁছায় ও তিনি তাহাকে কৃপা করেন।"

৮ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যতদূর সম্ভব পবিত্রভাবে শ্রীশ্রী ঠাকুরজীকে নিয়মিতরূপে ভোগ দিবে। যদি কিছু অনিয়ম হইয়াই যায়, তবে মনে তজ্জন্য তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিবে। তাহাতেই তিনি সন্তুষ্ট হইবেন।"

৯ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সর্বং অত্যন্তং গর্হিতং"—কোন বিষয়ে অতিরিক্ত কিছু করতে নাই। যাতে সব দিকে সামঞ্জস্য থাকে এরূপ সংযত ভাবে কাজ করতে হয়।"

১০ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রত্যেক কার্যের ফল নির্দিষ্ট আছে। কিন্তু কোন কোন কার্যের ফল এই জন্মে ভোগ করিতে হয়, কোন কোন কার্যের ফল পরজন্মে ভোগ করিতে হয়। এমন কোন কর্ম নাই যাহার ফল ভোগ করিতে হইবে না।"

১১ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবান মন দেখেন। বাহ্যিক আচারনিষ্ঠা যতদূর সম্ভব ততদূরই করিবে। অত্যধিক কিছুই ভাল নয়।"

১২ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এই যে দেহ ইহা ত নশ্বর! ইহার মধ্যে যিনি আছেন তিনি আত্মা বা তিনিই ভগবান। তিনিই স্থিতিশীল নিত্য বস্তু। সাধকের পক্ষে সেই দৃষ্টি খুলার চেষ্টা করিতে হয়।"

১৩ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে নিজেকে বোকা বলে, অসমর্থ বলে বুঝে, সেই যথার্থ দৈন্যযুক্ত এবং তাঁর প্রতিই ভগবানের কৃপা হয়। যিনি জ্ঞানী ও গুণী অথচ অহঙ্কারী তাঁর প্রতি কৃপা হয় না। যথার্থ জ্ঞানী হলে অহঙ্কার হয় না।"

১৪ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যাঁর উপর সম্পূর্ণ রূপে নিজেকে সমর্পণ করে দেওয়া হয়, তাঁর সম্পূর্ণ শক্তি এসে, তার মধ্যে কাজ করে। গুরু ও ভগবানের উপর সম্পূর্ণরূপে নিজের ভার ছেড়ে দিলে তাঁর উপর সব ভার গিয়ে পড়ে এবং তখন দেহের মধ্যে সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়ে তার দ্বারা সব কাজ করিয়ে নেন।"

১৫ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অন্যায় কার্য করিলে নির্লিপ্তভাবে তাহার প্রতিকার করা প্রয়োজন। অন্তরে ক্রোধ বা বিদ্বেষভাব না থাকে তৎপ্রতি দৃষ্টি অবশ্য রাখিবে। এইরূপ করিয়াই সংসারে তুমি চলিতে চেষ্টা করিবে।"

১৬ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"পতিই স্ত্রীর পরম দেবতা; এজন্য পরম দেবতা জ্ঞানে পতির সেবা করিবে। পতি মনে দুঃখ পান এমন কোন আচরণ করিবে না; কারণ তাঁহার প্রসন্নতা থাকিলেই তোমার পরম কল্যাণ হইবে।"

১৭ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারে থেকে মানুষ সুখ ত চাইবেই! কিন্তু প্রকৃত সুখ ত পায় না! প্রকৃত সুখলাভ একমাত্র ভগবৎ প্রাপ্তিতে হয়। কিন্তু ভগবানকে লাভ করা সহজ নয় ত! সেজন্য কঠোর সাধন করিতে হয়।"

১৮ই চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যখন জীব নিজেকে ভগবান হতে অভিন্ন সুতরাং নিজেকে সম্পূর্ণরূপে তাঁর অধীন বলে অনুভব করেন তখন তাঁর কোন কর্ম থাকে না। তাঁর সমস্ত কর্ম তিনি ভগবানের কর্ম বলে বোধ করেন।"

১৯শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের নিয়ন্তৃত্বে বিশ্বাস করিয়া ভক্তি শ্রদ্ধার সহিত শান্ত চিত্তে নাম জপ করিতে অভ্যাস করিলে তাহাতে ক্রমশঃ অশুভ সমূহ কাটিয়া যাইতে পারে।"

২০শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনকে সব সময় প্রসন্ন রাখলে ও নিশ্চিন্ত রাখলে শরীর নিজেই ভাল থাকে।"

২১শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভগবানের উদ্দেশ্যে দান সর্বশ্রেষ্ঠ। ভগবদাশ্রিত ভক্ত সমস্ত কিছু শ্রীভগবানেই অর্পণ করেন।"

২২শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যত বিষয়ের প্রতি আসক্তি বেশী থাকে, ততই মন বেশী চঞ্চল হয়। যে পরিমাণে আসক্তি কম হয়, সেই পরিমাণে মন স্থির হয়।"

২৩শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"যে উন্নতি করিতে চায় তাহাকে অসাধারণ ধৈর্য ধারণ করিয়া বহু কিছু সহ্য করিতে হয়।"

২৪শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সংসারের উন্নতি অনেক পরিমানে গৃহিনীর উপর নির্ভর করে।"

২৫শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বাস্তবিক সমস্তই যখন ব্রহ্মস্বরূপ তখন মিথ্যা কিছুই নয়। ব্রহ্ম হতে ভিন্নরূপে জগৎকে দেখাই মিথ্যা। কিন্তু জগৎকে ব্রহ্মরূপে দেখলে জগৎ মিথ্যা নয়।"

২৬শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরু কি অবস্থায় স্থিত আছেন তা শিষ্যের জানার সামর্থ্য হয় না। তবে তিনি কৃপা করে যদি জানান তাহলে অবশ্য জানতে পারে।"

২৭শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"সাংসারিক দিক দিয়ে বিচার করলে জন্মদাতা পিতা শ্রেষ্ঠ; কিন্তু আধ্যাত্মিক দিক দিয়ে বিচার করলে দীক্ষাদাতা গুরু সবচেয়ে শ্রেষ্ঠ। কারণ গুরু ইহকাল পরকালের সহায় হন এবং এই সংসার বন্ধন থেকে মুক্ত করে ভগবৎস্বরূপ প্রাপ্তি করান।"

২৮শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"রোগের চিন্তা করবে না, রোগ হ'লেও তাকে অগ্রাহ্য করে চলতে অভ্যাস করবে। তোমার কোন রোগ নাই, এইরূপ মনে করতে অভ্যাস করবে, তাহলে ক্রমশঃ রোগ কমে যেতে থাকবে।"

২৯শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"জগতের প্রত্যেকটি ঘটনা ঈশ্বরের ইচ্ছাতেই ঘটছে—একটি গাছের পাতা পর্যন্ত তাঁর ইচ্ছা ব্যতিরেকে নড়তে পারে না।"

৩০শে চৈত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi